# উপজেলা পরিষদ

## কালিগঞ্জ, সাতক্ষীরা।

### ফেব্রুয়ারি ২০২০ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ১২/২০২০

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৫-০২-২০২০ |
| সময় | ঃ | বেলা ১১-৩০ টা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ, |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় । বিগত সভার কার্যবিবরণীতে ১.০১ এর (গ) এর সিদ্ধান্ত পুন:আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ ব্যতীত কার্যবিবরণীতে আর কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় উহা দৃঢ়করণ করা হয় । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। (ক) উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি সরানোর জন্য কোন ড্রেন নেই। বর্ষা মৌসুম আগত ইতোমধ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে ২টি পুকুর খননের কাজ চলমান রয়েছে। পুকুরের মাটি উপজেলা পরিষদ আবাসিক এলাকায় ভরাট করে দেয়ার কারণে বর্ষা মৌসুমে বৃষ্টির পানি জমা হয়ে জলবদ্ধতার সৃষ্টি হবে বিধায় অতিদ্রুত ড্রেন নির্মাণ করা প্রয়োজন। সে কারণ উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের অভ্যন্তরে আরসিসি ড্রেন নির্মাণ করার জন্য ১৯,৭২,৫৩২/- টাকার প্রকলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্প ঃ প্রক্কলিত মূল্য ১৯,২৭,৫৩২/-<br><br>উপজেলা পরিষদের অভ্যন্তরে আরসিসি ড্রেন নির্মাণের প্রক্কলিত মূল্য ১৯,২৭,৫৩২/- (উনিশ লক্ষ সাতাশ হাজার পাঁচ শত বত্রিশ) টাকার প্রকল্প সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয় এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন গ্রহণসহ বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন দীর্ঘদিন মেরামত ও রং করা হয়নি বিধায় চেয়ারম্যানের বাসাবাড়ি টুকিটাকি মেরামত ও রং করার প্রয়োজনীয়তার কথা জানালে সরেজমিনে পরিদর্শন করে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন মেরামত ও রংকরণ প্রকল্প ঃ<br>প্রাক্কলিত ব্যয় ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন দীর্ঘদিন মেরামত ও রং করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রাক্কলিত ব্যয় ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>(১) জনাবা দিপালী রাণী ঘোষ, মহিলা ভাইস চেয়ারম্যান- উপজেলা পরিষদ-আহবায়ক<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) মোছাঃ খোদেজা বেগম, ইউপি সদস্য, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) মোঃ সাজেদুল হক, সাংবাদিক, কালিগঞ্জ, সাতক্ষীরা। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২.০১। (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা যুব উন্নয়ন অফিস, মৎস্য অফিস, উপজেলা হিসাবরক্ষণ অফিস, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, কালিগঞ্জের অফিসরুম, নন গেজেটেড কোয়ার্টার, ডরমেটারী মেরামত ও টুকিটাকি খরচ বাবদ ১,৭৭,১৫৯/- (এক লক্ষ সাতাত্তর হাজার এক শত উনষাট) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত মেরামত কাজগুলি দ্রুত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা যুব উন্নয়ন অফিস, মৎস্য অফিস, উপজেলা হিসাবরক্ষণ অফিস, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, নন গেজেটেড কোয়ার্টার, ডরমেটারী টুকিটাকি মেরামত প্রকল্প ঃ প্রাক্কলিত ব্যয় ১,৭৭,১৫৯/- টাকা ।<br><br>উপজেলা যুব উন্নয়ন অফিস, মৎস্য অফিস, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা নির্বাহী অফিসের কর্মকর্তা এপি এর অফিস রুম, নন গেজেটেড কোয়ার্টার, ডরমেটারী মেরামত ও টুকিটাকি খরচ উপজেলা পরিষদর রাজস্ব তহবিলের মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়।<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>(১) শেখ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা - আহবায়ক<br>(২) জনাব মোঃ খায়রুল ইসলাম, ইউপি সদস্য, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) মোঃ পিয়ার আলী, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) মোছাঃ খোদেজা বেগম, ইউপি সদস্য, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) মোঃ সাজেদুল হক, সাংবাদিক, কালিগঞ্জ, সাতক্ষীরা। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১ (ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের সকল স্থান সিসি ক্যামেরার আওতাভুক্ত না হওয়ায় ইতোমধ্যে উপজেলা পরিষদের আবাসিক ভবনের নিকট হতে একটি মোটর সাইকেল চুরি হয়ে গেছে। বর্ণিত স্থানে যদি সিসি ক্যামেরা লাগানো থাকতো তাহলে চোর সনাক্তকরণ করা যেত। সেকারণে উপজেলা পরিষদ নিরাপত্তার স্বার্থে উপজেলা শিক্ষা অফিস, উপজেলা চেয়ারম্যানের অফিস এবং উপজেলার বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপনের জন্য প্রস্তাব রাখেন এবং কাজটি বাস্তবায়ন করতে সম্ভাব্য ব্যয় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হতে পারে মর্মে সভাকে অবহিত করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলার বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন প্রকল্প ঃ প্রাক্কলিত ব্যয় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br><br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (গ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব উপজেলা পরিষদ আবাসিক এলাকা নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। প্রক্কলিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রকল্পটি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। সিসি ক্যামেরাগুলো আইপি সিস্টেমের করার সিদ্ধান্ত গৃহীত হয়। আইপি পাসওয়ার্ডের মাধ্যমে একাধিক জায়গা হতে মনিটরিং করা হবে। কন্টোলরুম উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে করা হবে। উপজেলা ডিজিটাল সেন্টার হতে সার্বক্ষণিক মনিটরিং করা হবে। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ঙ) সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান যে, তার অফিসে কোন ফটোকপি মেশিন, কম্পিউটার, স্ক্যানার ও প্রিন্টার নেই। এগুলো দ্রুত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের TO & E তে ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসে একটি উন্নতমানের ফটোকপি মেশিন, একটি উন্নতমানের ডেক্সটপ কম্পিউটার, একটি স্ক্যানার, আইপিএস মেশিন, একটি কালার প্রিন্টার, ক্রয় প্রকল্প ঃ<br>প্রাক্কলিত ব্যয় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের TO & E তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম (১) একটি উন্নতমানের ফটোকপি মেশিন (২) একটি উন্নতমানের ডেক্সটপ কম্পিউটার (৩) একটি স্ক্যানার (৪) আইপিএস মেশিন, (৫) একটি কালার প্রিন্টার সর্বমোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২.০১। (চ) সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান যে, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব নাজমুল ইসলাম এর অফিস কক্ষে বসার জন্য নতুন আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নতুন আসবাবপত্র ক্রয় খাতে বছরে ৩ লক্ষ টাকা ব্যয় করা যাবে মর্মে সিদ্ধান্ত রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিসের জন্য নতুন আসবাবপত্র ক্রয়। প্রাক্কলিত ব্যয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিসের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নতুন আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয় তাছাড়া প্রকল্পটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। ০৫ সদস্য বিশিষ্ট<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>(১) জনাব শেখ নাজমুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-আহবায়ক,<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) দিপালী রাণী ঘোষ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) চেয়ারম্যান ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) মোঃ সাজেদুল হক, সাংবাদিক, কালিগঞ্জ, সাতক্ষীরা। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ছ) সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ-ম্যাজিস্ট্রেট কালিগঞ্জ, বিভিন্ন সময়ে মোবাইল কোর্ট পরিচালনা করে থাকেন। মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিনসহ অন্যান্য রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়ের জন্য বরাদ্দ রয়েছে। করোনা ভাইরাস মহামারীর কারণে PPE, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি ছাড়া মোবাইল কোর্ট পরিচালনা করা সম্ভব নয়। | প্রকল্পেরনাম ঃ ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয় প্রাক্কলিত ব্যয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ন) অনুচ্ছেদ মোতাবেক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট, PPE, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্পটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>(১) দিপালী রাণী ঘোষ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পরিষদ-আহবায়ক<br>(২) শেখ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) জনাব আব্দুল গফফার, ইউপি সদস্য, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) জনাব মোঃ খায়রুল ইসলাম, ইউপি সদস্য, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (জ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বর্জ্য ব্যবস্থাপনার জন্য কোন ব্যবস্থা নেই। ফলে উপজেলা পরিষদ আবাসিক এলাকায় যত্রতত্র ময়লা ফেলা হচ্ছে। এতে পরিবেশ দুষিত হচ্ছে। তিনি পরিষদের অভ্যন্তরে গেজেটেড কোয়ার্টার এবং নন গেজেটেড কোয়ার্টারের পাশ্ববর্তী স্থানে ২টি ডাষ্টবিন নির্মাণের বিষয়ে প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের নাম ঃ বর্জ্য ব্যবস্থাপনার জন্য গেজেটেড কোয়ার্টার এবং নন গেজেটেড কোয়ার্টারের পাশ্ববর্তী স্থানে জন্য ২টি ডাষ্টবিন_নির্মাণ প্রকল্প ঃ<br>প্রাক্কলিত ব্যয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ভ) অনুচ্ছেদ মোতাবেক বর্জ্য ব্যবস্থাপনার জন্য কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে গেজেটেড কোয়ার্টার এবং নন গেজেটেড কোয়ার্টারের পাশ্ববর্তী স্থানে জন্য ২টি ডাষ্টবিন, পচনশীল এবং সিনথেটিক বর্জ্যের জন্য ২টির উভয়টিতেই আলাদা আলাদা ২টি চেম্বার নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয় প্রাক্কলিত ব্যয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া প্রকল্পটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>(১) জনাব মশিউর রহমান, ইউপি সদস্য, মৌতলা ইউনিয়ন পরিষদ- আহবায়ক | ১। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| | (২) শেখ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) মোঃ পিয়ার আলী, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) মোঃ সাজেদুল হক, সাংবাদিক, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) আশরাফুল ইসলাম, অফিস সহকারী, জনস্বাস্থ্য বিভাগ, কালিগঞ্জ, সাতক্ষীরা। | |
| ২.০১। (ঝ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ভিতরে নিরাপত্তা প্রহরী না থাকায় বিভিন্ন সময় বহিরাগত লোকজন বখাটে ছেলেমেয়েরা পরিষদ চত্বরে দিনে রাতে ঘোরাফেরা করে। ইতোমধ্যে উপজেলা পরিষদের আবাসিক ভবনের নিকট হতে একটি মোটর সাইকেল চুরি হয়ে গেছে। সেজন্য উপজেলা পরিষদ এলাকায় নিরাপত্তার জন্য বিধি মোতাবেক আনসার নিয়োগ করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চত্বরে ২ জন আনসার নিয়োগ প্রকল্প ঃ নিরাপত্তা খাত (আনসার)<br>প্রতি অর্থবছরে ব্যয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br><br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ম) অনুচ্ছেদ মোতাবেক কালিগঞ্জ উপজেলা পরিষদ চত্বর পাহারার নিমিত্তে ২ জন আনসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। এপ্রিল ২০২০ মাস হতে প্রতি জন আনসারকে মাসিক ৪১৬৫/- (চার হাজার একশত পঁয়ষট্টি) টাকা হারে (৪১৬৫X ২জন X ১২মাস) = ৯৯,৯৬০/- (নিরানব্বই হাজার নয় শত ষাট) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রতি অর্থ বছরে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং জনাব শেখ নুর আজম,পিতা শেখ ময়নুদ্দিন, গ্রাম- বাজারগ্রাম ,ডাকঘর-কালিগঞ্জ,উপজেলা-কালিগঞ্জ,জেলা- সাতক্ষীরা এবং জনাব মোঃ ফজলুল করিম, পিতা- আহম্মদ আলী, গ্রাম-শীতলপুর, ডাকঘর-কালিগঞ্জ, সাতক্ষীরা কে আনসার হিসেবে নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। আনসার নিয়োগের ইতোপূর্বে প্রদত্ত বিজ্ঞপ্তি, উক্ত আনসারদ্বয়ের সার্টিফিকেট এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত একটি আলাদা নথি খুলে সেখানে রাখতে হবে। নথিতে মাসিক অর্থ পরিশোধের জন্য একটি রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.০১। (ঞ) সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান যে, তার দপ্তরে জীপ গাড়িটি মোটরযান পরিদর্শক, বিআরটিএ এর প্রতিবেদন মোতাবেক মেরামতের জন্য ইতোমধ্যে কোটেশন আহবান করা হয়েছে, যার কার্যক্রম চলমান রয়েছে। গাড়িটি চালু রাখার জন্য ইতোমধ্যে বিভিন্ন সময়ে টুকিটাকি মেরামত করা হয়েছে যাতে ৪৯,৮১০/- (উনপঞ্চাশ হাজার আট শত দশ) টাকা ব্যয় হয়েছে। তিনি ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের জীপ গাড়ি নং সাতক্ষীরা-ঘ-১১-০০২৪ গাড়িটি চালু রাখার জন্য টুকিটাকি মেরামত বাবদ ব্যয়িত ৪৯,৮১০/- (উনপঞ্চাশ হাজার আট শত দশ) টাকা অনুমোদন করা হয়। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জনাব আবু হাসান, গাড়ী চালক, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয় বরাবর প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ট) সভায় জানানো হয় যে, বিগত ২৮/০৮/২০১৯ তারিখ উপজেলা পরিষদ সভার ৩(ক) অনুচ্ছেদে এ উপজেলার প্রত্যেক টি গ্রামে মহল্লায় ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার লার্ভা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ঔষধ এবং ১২৫ টি স্প্রে মেশিন উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। তৎপ্রেক্ষিতে এ উপজেলায় ডেঙ্গু প্রতিরোধকল্পে স্প্রে মেশিন ও ঔষধ কেনার নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে তাৎক্ষণিকভাবে ২,৯৫,১৩০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার এক শত ত্রিশ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঘ) অনুচ্ছেদে মোতাবেক বিগত ২৮/০৮/২০১৯ তারিখ উপজেলা পরিষদ সভার ৩(ক) অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১২৫ টি স্প্রে মেশিন ক্রয় ১,৬২,৫০০/-(একলক্ষ বাষট্টি হাজার পাঁচশত)টাকা, ডেঙ্গু লার্ভা নিমূলের জন্য তালসা (৩০ গ্রামের প্যাকেট) ২০৫০ প্যাকেট ঔষধ ক্রয় ১,০৪,৫৫০/- টাকা, টোকেন (১৫ গ্রামের প্যাকেট) ঔষধ ক্রয় ১০৮০ পিচ ২৮,০৮০/- টাকা, সর্বমোট ২,৯৫,১৩০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার এক শত ত্রিশ) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>উপজেলা প্রকৌশলী কর্তৃক ডেঙ্গু/মশাবাহিত রোগ প্রতিরোধ সংক্রান্ত ১টি নথি খুলে উল্লেখিত স্প্রে মেশিনসমূহ কোথায় কোথায় রয়েছে তার তথ্য এবং সকল ক্রয়ের ভাউচার উক্ত নথিতে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২.০১ । (ঠ) উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণঃ<br>সভায় জানানো হয় যে, উপজেলা পর্যায়ে জমির দাম অব্যাহত ভাবে বৃদ্ধি, বহিরাগত কর্তৃক উপজেলা মালিকানাধীন জমি/ সম্পদ দখল ও দোকানপাট নির্মাণের প্রবণতা রোধ এবং উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা পরিষদের নন গেজেটেড আবাসিক ভবনের পিছনে সীমানা প্রাচীর কেটে পরিষদের ভিতর দিয়ে বহিরাগত লোকজনসহ সীমানা প্রাচীরের বাইরে বসবাসরত লোকজন যাতায়াত করে । সে কারণে উক্ত এলাকা অরক্ষিত থাকে বিধায় ইতোপূর্বে উপজেলা প্রকৌশলীর বাসভবনে চুরি সংঘটিত হয়েছে। সীমানা প্রাচীর কেটে দেয়া স্থান বন্ধ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা সীমানা প্রাচীর নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকলে একাধিক অর্থ বছরে তা বাস্তবায়ন করা হবে।<br>(খ) এলজিইডি কর্তৃক প্রণীত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক সীমানা প্রাচীরের সামনের দিকে প্রতি মিটার ১২,৬৫০/- টাকা এবং পিছনে/ পার্শ্বে প্রতি মিটার ৮,৯১২/- টাকা ব্যয় সীমার মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে । সেই মতে পরিশিষ্টে সংযুক্ত প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত প্রাক্কলনটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা হতে অনুমোদন গ্রহণ এবং প্রচলিত বিধিবিধান যথাযথ অনুসরণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>(গ) উপজেলা পরিষদের নন গেজেটেড আবাসিক ভবনের পিছনে সীমানা প্রাচীর কেটে দেয়া স্থান বন্ধ করে দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃরায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ড) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন আবাসিক কোয়াটার ও ডরমেটরি ভবনগুলো বেশ অকেজো, জরাজীর্ণ ও বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। আবাসিক ভবনগুলোর কিছু সংখ্যক বীম ও স্লাবে হেয়ার ক্রাক, গ্রাউন্ড ফ্লোরের সোলিং ও প্লাস্টার নষ্ট হয়ে স্যাঁতস্যাঁতে অবস্থা বিরাজ করছে, রুমের সিলিং ও ওয়ালের পুরাতন প্লাস্টারের বন্ডিং ক্যাপাসিটি কমে খষে পড়ছে, ছাদের স্লাবে উপরে নিচে হেয়ার ক্রাক ও রডে মরিচা ধরে টেম্পার নষ্ট হয়েছে এবং বৃষ্টির সময় স্লাবের বেশ কিছু অংশে পানি চুয়ে পড়ে । বাথরুম ও রান্না ঘরের পুরাতন পানির পাইপ লাইনসহ ফিটিং ও ফিক্সিং ব্যবহারে অনুপযোগী ও ছোয়া (Sewer) লাইন বেশ অকেজো (যা ক্ষুদ্র মেরামত করে ব্যবহার করা হচ্ছে), আবাসিক ভবনসমূহের দরজা ও জানালার, চৌকাঠ ও পাল্লা নষ্ট হয়ে ব্যবহারে অনুপযোগী হয়ে পড়েছে ফলে বেশ কিছু হুজ বোল্ড নষ্ট, জানালার মরিচাযুক্ত গ্রীল অপসরারণের প্রয়োজন। এছাড়াও আবাসিক ভবনগুলো বসবাসের লক্ষ্যে ফ্লোর, ওয়ালের বিদ্যমান প্লাস্টার অপসারণ করে নতুন প্লাস্টার, রংকরণ এবং ভবনের পুরাতন দরজা-জানালার পাল্লা, চৌকাঠ ও গ্রীল অপসারণ করে নতুন দরজা-জানালা স্থাপন এবং পুরাতন স্লাব অপসারণ করে নতুন স্লাব স্থাপন সহ অন্যান্য অংশে ছোট ও বড় ধরণের মেরামতের প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী সুপারিশ করেন। এছাড়াও উপজেলার বাহিরে পর্যাপ্ত বাসাবাড়ি না থাকায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মরত কিছু সংখ্যক কর্মকর্তা/ কর্মচারীগণ উপজেলা পরিষদের পুরাতন আবাসিক ভবনগুলোতে বসবাস করছেন। পুরাতন বাসাবাড়ির অবস্থা, আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীগণের জীবনযাত্রার মান, পরিষদের বাহিরে বাসাবাড়ি ও ভবনসমূহের সার্বিক অবস্থা বিবেচনায় সরকারী নিয়মে বাসা ভাড়া আদায় করলে পরিষদের আবাসিক বাসা সমুহ খালি পড়ে থাকবে ও পরিষদের রাজস্ব আদায় কমে যাবে মর্মে উপজেলা পরিষদের চেয়ারম্যান, সদস্যগণ ও উপজেলা প্রকৌশলীসহ সকলে মত প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী সরকারী রেটের চাইতে কমিয়ে পার্শ্ববর্তী উপজেলাগুলোর একই ধরণের বাস্তবভিত্তিক হ্রাসকৃত হারে উপজেলা পরিষদের বাসার ভাড়ার রেট নির্ধারণের ডকুমেন্ট সভায় উপস্থাপন করেন।<br>সুতরং, যৌক্তিক ও বাস্তবতার নিরীখে উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদান সহজীকরণ | আবাসিক ভবনগুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের বাসা বাড়ির বাস্তবঅবস্থা বিবেচনা করে-<br>০১) ২৩/০১/২০২০ ইং তারিখে মাসিক সমন্বয় সভায় বাসা বাড়ি বরাদ্দ সংক্রান্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নুগ ও অধিকতর যৌক্তিকীকরণের নিমিত্তে নিম্নরূপ সিদ্ধান্ত দ্বারা প্রতিস্থাপিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) উপজেলা পরিষদ চেয়ারম্যান, সদস্য ও উপজেলা প্রকৌশলীর টেকনিক্যাল যৌক্তিক ও বাস্তব মতামতের নিরীখে উপজেলা পরিষদের আবাসিক ভবনের বাসা ভাড়ার হার নিম্নবর্ণিত ভাবে নির্ধারিত হবে।<br>ক) গেজেটেড ভবন মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) মাত্র।<br>খ) নন-গেজেটেড ভবন মাসিক ৩,৫০০/- (তিন হাজার পাঁচ শত টাকা) মাত্র।<br>গ) ডরমেটরি- সিট ভাড়া প্রতি সিট মাসিক- ৮০০/- (আটশত টাকা) মাত্র।<br>এবং কালিগঞ্জ উপজেলা পরিষদের বিভিন্ন সরকারী দপ্তর অথবা বে-সরকারী প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের বসবাসের নিমিত্তে উপর্যুক্ত নির্দিষ্ট হারে বাসাভাড়া পূনঃ নির্ধারণের সিদ্ধান্ত ০১/০৫/২০২০ ইং তারিখ হতে কার্যকর হবে এবং বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>৩) পরিষদের বাসাসমূহের ভাড়া আদায় ও বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত সকল কাগজপত্র এ সংক্রান্ত নথিতে সংরক্ষণ করতে হবে। প্রতি মাসে ভাড়া আদায় ও বিদ্যুৎ বিল পরিশোধের রিপোর্ট উপজেলা প্রকৌশলী পরিষদের সভাকে অবহিত করবেন।<br>৪) উপজেলা প্রকৌশলী সরকারী রেটের চাইতে কমিয়ে পার্শ্ববতী উপজেলাগুলোর একই ধরনের হ্রাসকৃত হারে উপজেলা পরিষদের বাসার ভাড়ার রেট নির্ধারণের ডকুমেন্ট এ সংক্রান্ত নথিতে সংরক্ষণ করেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ও রাজস্ব আয় বৃদ্ধির বিষয়টি বিশেষ বিবেচনায় আবাসিক ভবনে অত্র উপজেলার বিভিন্ন সরকারী/বে-সরকারী দপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণের একটি নির্দিষ্ট হারে ভাড়া পূনঃ নির্ধারণ করে আবাসিক ভবনের ফ্লাটগুলো বরাদ্ধ দেয়ার বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করেন। তাছাড়া বর্তমান অবস্থার প্রেক্ষিতে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণের বসবাস, সেবা প্রদানের জন্য পুরাতন আবাসিক ভবনসমূহ (নিলামযোগ্য) স্থলে নতুন আবাসিক ভবন অথবা ক্যাম্পাসের ভিতরে পর্যাপ্ত জায়গা থাকা সাপেক্ষে নতুন গেজেটেড ও নন-গেজেটেড আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব করা হয়। | | |
| ২.০১। (চ) উপজেলা পরিষদের পানি সরবরাহের <u>পুরাতন জিআই পাইপ নিলামকরণ</u> ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের পানি সরবরাহের পাইপ লাইনের পুরাতন জিআই পাইপগুলো নষ্ট হয়ে গেছে। এগুলো নিলাম বিক্রয় করা প্রয়োজন। যাহার প্রাক্কলিত মূল্য ২২ টাকা কেজি হারে ২১,৫০০/- (একুশ হাজার পাঁচ শত টাকা) (ভ্যাট আয়কর সংযুক্ত)। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের পানি সরবরাহের পাইপ লাইনের পুরাতন জিআই পাইপগুলো যেহেতু নষ্ট হয়ে গেছে এবং এগুলো নিলামে বিক্রয় করা প্রয়োজন সেহেতু সকলের সর্বসম্মত মতামতের ভিত্তিতে নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতাবেক নিলাম করে পরিষদকে অবহিত করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ণ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা) এর ৯মে ২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৬৩৯ (ক) নং স্মারকের পত্রে উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপনের লক্ষ্যে সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত উপজেলা পরিষদ সভায় অনুমোদনক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে সর্ব্বোর্চ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ, ২০০৬,পিপিআর, ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করে স্প্রেসিফিকেশন মোতাবেক অনুমোদিত তালিকা অনুযায়ী সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয়ের অনুমতি প্রদান করা হয়েছে। উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন এবং ডিজিটাল সেন্টারের জন্য সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) প্রকল্পের নাম ঃ উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপনের লক্ষ্যে সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয় প্রকল্প ঃ<br><u>প্রাক্কলিত ব্যয় ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।</u><br>সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা) এর ৯মে ২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪. ২০১৬-৬৩৯ (ক) নং স্মারক মুলে উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপনের লক্ষ্যে সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করে স্পেসিফিকেশন মোতাবেক অনুমোদিত তালিকা অনুযায়ী সরঞ্জাম/যন্ত্রপাতি RFQ পদ্ধতিতে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। ডরমেটরির পেছনের খালি জায়গায় নির্মিতব্য ভবনে উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ভবন নির্মাণের পূর্ববর্তী সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ডিজিটাল সেন্টারে বিধি মোতাবেক ১জন পুরুষ ১ জন মহিলা উদোক্তা নিয়োগের জন্য নিম্নোক্তভাবে ১টি কমিটি গঠন করা হলো।<br>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ- সভাপতি<br>২। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি-সদস্য<br>৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য।<br>৪। প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়-সদস্য সচিব। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০১। (ণ-১) ই কমার্স উদ্যোগ সফল করতে ও পরিবর্তিত বাস্তবতায় কর্মসংস্থান সৃজন করতে ফ্রি ওয়াইফাই জোন ও ওপেন সেমিনার জোন স্থাপন ঃ | (২) ডরমেটরির পেছনের খালি জায়গায় ২টি রুম ২টি বাথরুম (পুরুষ/মহিলা) সহ ১টি আধাপাকা টিনসেট ভবন নির্মাণ এবং ব্যানবেইজের ভবনের সামনের ফাঁকা মাঠ সহ ঐ পুরো এলাকাকে ওয়াইফাই জোনে রূপান্তরিত করে ইতোমধ্যে গৃহীত ই-কমার্স/এফ-কমার্স উদ্যোগকে সফল করতে প্রতি সপ্তাহে ১টি করে তথ্য প্রযুক্তি ওপেন সেমিনার করার জন্য ১টি প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ করার সিদ্ধান্ত হয়। উক্ত ওয়াইফাই জোনে ওপেন সেমিনারে ব্যবসায়ী, ছাত্র-ছাত্রী, উদ্যোক্তা, সাংবাদিক, শ্রমিক সহ কালিগঞ্জের সকল স্তরের মানুষকে আমন্ত্রণ করে পর্যায়ক্রমে হাতে কলমে তথ্য প্রযুক্তি ও ই-কমার্স বিষয়ে গণপ্রশিক্ষণ দিতে হবে। সহকারী প্রোগ্রামারকে তার | ১। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। সহকারী প্রোগ্রামার ব্যানবেইজ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| | অফিসের সামনের মাঠে সামাজিক দুরত্ব বজায় রেখে ওপেন সেমিনার আয়োজন করতে হবে। ওপেন সেমিনার করার জন্য প্রয়োজনীয় সংখ্যক প্লাস্টিকের চেয়ার টেবিল বিধি মোতাবেক ক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত স্থানে "ফ্রি ওয়াইফাই জোন" এবং "সামাজিক দুরত্ব মেনে ওপেন সেমিনার জোন" নামক দুটি সাইনবোর্ড টাঙ্গানোর জন্য সহকারী প্রোগ্রামার ব্যানবেইজ ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য ঘেরের লাইসেন্স করার জন্য ক্যাচমেন্ট এরিয়া করা যেতে পারে, তা ছাড়া উপজেলা পরিষদ হতে ট্রেড লাইসেন্স প্রদান করা যেতে পারে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। | মৎস্য ঘেরের লাইসেন্স করার জন্য ক্যাচমেন্ট এরিয়া এবং উপজেলা পরিষদ হতে ট্রেড লাইসেন্স প্রদান করা হলে কোন প্রতিবন্ধকতা আসবে কিনা সে বিষয়ে বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৩। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার-এর প্রতিনিধি জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম করোনা ভাইরাসের কারণে প্রয়োজনীয় সংস্কার করে চলমান রয়েছে। | (১) উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>(২). করোনা ভাইরাসের কারণে গঠিত হোম কোয়ারেন্টাইন কমিটি ও করোনা এক্সপার্ট টিমকে প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করে করোনা সংক্রান্ত কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের অনুরোধ করা হয়।<br>(৩) লকডাউন, জানাজা, দাফন ও সৎকারের জন্য জাতীয় নীতিমালা ও স্থানীয় নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হয়। | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) উপজেলা শিক্ষাঅফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, এ উপজেলায় হতদরিদ্র পরিবার যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুনর্বাসন করার ব্যবস্থা গ্রহণের জন্য পুনঃ প্রস্তাব করা হয়েছে। তিনি আরও জানান মুজিব বর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার দুর্যোগ সহনশীল বাসগৃহ নির্মাণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৫টি গৃহ নির্মাণ কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাঈদ মেহেদী বলেন যে, কালিগঞ্জ উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুকিপূর্ণ উপজেলা। ১২টি ইউনিয়নে বহুসংখ্যক মানুষ ঝুকিপূর্ণভাবে বসবাস করছে। বিশেষকরে সড়ক জনপথ বিভাগের পার্শ্ববতী এবং যমুনা নদী ভরাট করে ছোট ছোট ঝুপড়ী ঘর বানিয়ে বহু মানুষ ঝুকিপূর্ণ অবস্থার মধ্যে মানবেতর জীবনযাপন করছে। গৃহায়ন প্রকল্পের ৩টি ক্যাটাগরির বসবাসকারীদের পুর্নবাসনের অগ্রাধিকার দিয়ে যমুনা নদী দখলমুক্ত করা অত্যন্ত জরুরী। উল্লেখিত আলোচনায় তিনি সভার সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন গৃহায়ন প্রকল্পের যেকোন পুর্নবাসনের জন্য বরাদ্দ এলে এক তৃতীয়াংশ বরাদ্দ সড়ক জনপথ এর রাস্তার পার্শ্বে এবং যমুনা নদীর দখলকৃত মানবেতর জীবনযাপনকারীদের অগ্রাধিকার ভিত্তিকে বরাদ্দের প্রস্তাব দেন। | (১) এ উপজেলায় হত দরিদ্র পরিবারসহ যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুনর্বাসনের লক্ষ্যে তালিকা প্রেরণের পুনঃ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ঘরের জন্য আবেদন জমা নিয়ে তা ৩ (তিন) ক্যাটাগরি ৩ (তিন) টি ফাইলে ক,খ,গ তে সংরক্ষণের অনুরোধ করা হয়।<br>(৩) গৃহায়ন প্রকল্পের যেকোন ক্যাটাগরির বরাদ্দের এক তৃতীয়াংশ বরাদ্দ সড়ক জনপথ এর রাস্তার পার্শ্বে এবং যমুনা নদীর দখলকৃত মানবেতর জীবনযাপনকারীদের অগ্রাধিকার ভিত্তিকে বরাদ্দের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(৪) আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় নির্মিত দুর্যোগ সহনশীল বাসগৃহের চাবি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে হস্তান্তর করার মাধ্যমে মুজিব বর্ষ উৎযাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীতিমালা অনুযায়ী সঠিকভাবে ২৫টি গৃহের কাজ সম্পন্ন করায় সভায় তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>৩) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কালিগঞ্জে নিরাপদ দুগ্ধ বাজার স্থাপনের নিমিত্ত প্রাণিসম্পদ বিভাগীয় ভেটেরিনারি পাবলিক হেলথ কর্মীদের প্রশিক্ষণ চলছে। প্রশিক্ষণ শেষ হলে আগামী মার্চ/২০২০ মাসের প্রথম সপ্তাহের মধ্যেই তা বাস্তবায়ন করা সম্ভব হবে। এ ব্যাপারে বাজারের নির্ধারিত স্থানের সংস্কার কাজ সম্পন্নের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আরও জানান ব্লাক বেঙ্গল ছাগল পালন প্রকল্পের সহজ শর্তে ঋণের টাকা | (১) এ উপজেলার বিভিন্ন হাট/ বাজারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোতিগতায় দুগ্ধ বাজার স্থাপনের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>(২) কেন এতোদিন ঋণ খেলাপীদের বিরুদ্ধে সার্টিফিকেট আদালতে/অর্থঋণ আদালতে মামলা করা হয় নাই তা আগামী সভায় অবহিত করতে প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>(৩) দ্রুত খেলাপীদের বিরুদ্ধে সার্টিফিকেট/অর্থঋণ আদালতে মামলা রুজু করতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ইচ্ছাকৃতভাবে প্রায় সকল গ্রাহক খেলাপী হয়েছেন। তাদের ধারণা সরকারী টাকা ফেরত দেওয়া লাগবে না। তিনি বলেন যে, ''সরেজমিনে পরিদর্শনকালে আমার কাছে প্রতীয়মান হয় প্রত্যেকের প্রকল্পের টাকা ফেরত দেওয়ার মতো সক্ষমতা রয়েছে''। আমার জানা মতে টাকা ফেরত না দেওয়ার কারণ তাদের স্বেচ্ছাচারিতা। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে উল্লেখিত অর্থ আদায় করে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উৎযাপনে নতুন নতুন উদ্যোক্তাদের মাধ্যমে ছাগল উৎপাদন বৃদ্ধি সম্ভব।<br>সভার আইনগতভাবে অর্থ আদায় এবং নতুন নতুন উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ করে উৎপাদন বাড়ানো এবং বেকারত্ব দূর করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ২.০৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরার প্রতিনিধি সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে এ উপজেলায় প্রত্যেক ইউনিয়নে প্রদত্ত মার্তৃত্বকালীন ভাতার কার্ড যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | (১) মার্তৃত্বকালীল ভাতার কার্ড যথাযথ প্রক্রিয়ায় যাচাই/ বাছাই করে বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে পুনঃ অনুরোধ জানানো হয়।<br>(২) সকল ভাতা প্রহীতার তথ্য উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে ও মহিলা বিষয়ক কর্মকর্তার অফিসিয়াল ফেসবুক পেইজে প্রদানের অনুরোধ করা হয়। | ১) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৭। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তাদের বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এ প্রসংগে সভায় জানানো হয় যে, এ উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে কৃষি বিভাগের দীর্ঘদিনের পুরাতন অব্যবহৃত সিড ষ্টোর ভবন পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। আবার কোন কোন সিড ষ্টোরের জমি বেদখল হয়ে যাচ্ছে। সরকারি সম্পত্তি দখলে এনে পরিত্যাক্ত সিড ষ্টোর গুলো ভেঙ্গে তদস্থলে কৃষি বিভাগের কৃষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা কৃষি কর্মকর্তা আরও বলেন চিংড়ি ঘের এবং এলজিইজি এর কার্পেটিং রাস্তা/ পাউবোর বাঁধ পৃথক করে জলাবদ্ধতা নিরসনে এবং টেকসই অবকাঠামো রক্ষার্থে যে সকল ইউনিয়নের খামারীরা রাস্তা/বাঁধের পাশে নয়নজল/আউটড্রেন রেখেছেন তাদেরকে অনুপ্রাণিত করতে উক্ত জায়গায় বাণিজ্যিক ভিত্তিতে কুলের চারা রোপনে অগ্রাধিকার দেওয়ার বিষয়ে আলোচনা করেন এতে অন্যরা নয়নজলা/আউটড্রেন রাখতে উৎসাহিত হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। উপজেলা কৃষি কর্মকর্তা আরও বলেন যে, উপজেলার পার্শ্ববর্তী নিচু অঞ্চলগুলো দুর্যোগপূর্ণ আবহাওয়ায় সাইক্লোন বা অতি বৃষ্টিতে ডুবে যাওয়ার কারণে উৎপাদিত কৃষি পণ্য রক্ষণাবেক্ষণের ভাল কোন ব্যবস্থা নেই। বিএডিসিকে আপদকালীন সময়ে উৎপাদিত কৃষি পণ্য রক্ষণাবেক্ষণের গোডাউন নির্মাণের প্রকল্প দ্রুত নির্মাণের অনুরোধ করেন। উপজেলা পরিষদ সংলগ্ন এবং অন্যান্য ইউনিয়নে ঝুকিপূর্ণ বন্যা কবলিত এলাকায় কৃষি পণ্য সংরক্ষণ গোডাউন নির্মাণের প্রকল্প গ্রহণের গুরুত্ব তুলে ধরেন। | (ক) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে এ উপজেলার প্রত্যেকটি ইউনিয়নের পরিত্যাক্ত সীড ষ্টোর এবং সরকারি জমি সরকারি দখল নেওয়ার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে পুলিশি সহায়তা গ্রহণ করা যেতে পারে।<br>(খ) সরকারি পরিত্যাক্ত সীড স্টোরগুলো উপজেলা প্রকৌশলীর সহযোগিতায় প্রাক্কলন প্রস্তুতসহ কনডেম ঘোষণার প্রস্তাব জেলা কনডেমনেশ কমিটির সভায় প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>(গ) কৃষকদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মৌতলা ইউনিয়নের পরিত্যাক্ত সীডষ্টোর-এর জমিতে ০১ (এক) টিসহ অন্য যে কোন ইউনিয়নের পরিত্যাক্ত সীডষ্টোর-এর জমিতে আরো ০১ (এক) টি সর্বমোট ০২ (দুই) টি '' কৃষি প্রশিক্ষণ কেন্দ্র কাম গোডাউন'' নির্মাণের প্রস্তাব প্রেরণে জন্য উপজেলা কৃষি অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>(ঘ) যে সমস্ত ইউনিয়নের জলাবদ্ধতা নিরসনে এবং টেকসই অবকাঠামো রক্ষণাবেক্ষণে পরিবেশ বিপর্যয় রোধে খামারীগণ, মৎস্য ঘের এবং এলজিইডির রাস্তা পৃথক করেছেন শুধুমাত্র ঐ সকল ইউনিয়নের রাস্তায় এডিপির অর্থায়নে কুলের চারা রোপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(ঙ) উপজেলার পার্শ্ববর্তী গ্রামগুলো নদী সংলগ্ন ঝুকিপূর্ণ বিধায় উপজেলা ক্যাম্পাস বা তার আশপাশে অব্যবহৃত জায়গায় বিএডিসির আপদকালীন কৃষিপণ্য সংরক্ষণের গোডাউন নির্মাণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। BADC প্রস্তাব প্রেরণ করে তার কপি আগামী সভায় উপস্থাপন করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা কৃষিঅফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৪। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৫। উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রত্যেক স্কুলে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে স্কুলে স্থাপন করা হয়েছে, যা জানুয়ারী/২০ হতে চালু করা হয়েছে। এ প্রসংগে সকল প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br>সভায় আরো জানানো হয় যে, সাতক্ষীরা জেলার | ক) এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরা স্থাপনের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হলো। এ বিষয়ে তাকে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ পূর্বক উক্ত পত্র আগামী সভায় উপস্থাপনের অনুরোধ করা হয়।<br>খ) সভায় ২৬ (ছাব্বিশ)টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পত্রিকায় নিলাম বিক্রয়ে অভিযোগ থাকায় নিলাম কার্যক্রম বাতিলপূর্বক সন্যাসীর চক সরকারী প্রাথমিক বিদ্যালয় সহ মোট ২৭টি প্রাথমিক | ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |

| | | |
|---|---|---|
| কালিগঞ্জ উপজেলায় ২৬ (ছাব্বিশ)টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন উন্মুক্ত নিলাম প্রক্রিয়া নিয়ে অভিযোগের ভিত্তিতে নিলাম কমিটি নিলাম বিক্রয় কার্যক্রম স্থগিত করেন এবং কাজের অধিকতর স্বচ্ছতা আনায়ন করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে বিদ্যালয় সমূহের ছবিসহ পুনঃপ্রাক্কলন প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। এছাড়া নতুন করে সন্যাসীর চক সরকারী প্রাথমিক বিদ্যালয় নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে উপজেলা প্রকৌশলী বিদ্যালয় সমূহে সরেজমিনে পরিদর্শন করে পুনঃ প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা শিক্ষা অফিসারের দপ্তরে প্রেরণ করেছেন। উভয় প্রাক্কলনে প্রায় দুই লক্ষ টাকার পার্থক্য থাকায় এবং পুরাতন ভবনের স্থলে নতুন ভবন নির্মাণের কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয়তা থাকায় বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। | বিদ্যালয় পূর্ণ নিলাম করণের সিদ্ধান্ত গ্রহীত হয়। পুনঃরায় নিলাম বিক্রয়ে স্কুল সমূহ যে মূল্যে বিক্রয় হবে তা ইতোপূর্বে ১ম বার নিলামে যে টাকা ঐ স্কুলের নামে সরকারী কোষাগারে জমা হয়েছে তার সাথে সমন্বয় করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থাৎ স্কুল/স্কুলসমূহ যদি ২য় বার নিলামে অধিক টাকায় বিক্রয় হয় তাহলে ১ম বার যে টাকা জমা করা হয়েছিল তা সংশ্লিষ্ট ১ম বারের নিলাম ক্রেতাকে ফেরত দিয়ে বাকী টাকা সরকারী কোষাগারে জমা দেওয়া হবে। ১ম বারে সরকারী কোষাগারে টাকা জমা দেয়ার কাগজপত্র এবং ২য় বারে বাকী টাকা জমা দেয়ার কাগজপত্র উপজেলা শিক্ষা অফিসার পরবর্তী অডিট কার্যক্রমের জন্য সংরক্ষণ করবেন।<br>(গ) (১) পশ্চিম মৌতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণভবন (২) স্বরাপদীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণভবন (৩) পানিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় নতুন ভাবে নির্মাণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে এবং অন্যান্য যেসকল বিদ্যালয়ে ভবনের অভাবে পাঠদানে সমস্যা সৃষ্টি হচ্ছে সেগুলো নির্মাণের জন্য প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা শিক্ষা অফিসার উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পত্র প্রেরণ করে উক্ত প্রেরিত পত্র আগামী সভায় উপস্থাপন করবেন। | |
| ২.০৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, ভাতাভোগীদের তালিকা বাছাই কাজ চলমান রয়েছে। এ প্রসংগে চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, প্রত্যেকটি ইউনিয়নে মাইকিং করে উন্মুক্তভাবে বাছাইপূর্বক তালিকা করার ক্ষেত্রে দূর-দুরান্ত থেকে সচেতন জনসাধারণ উপস্থিত হন না। সমাজসেবা বিভাগের সেইফটিনেট সকল সুফলভোগীর অগ্রাধিকার নির্বাচনে কাকে অগ্রাধিকার দেওয়া উচিত সে বিষয়ে স্ব স্ব ওয়ার্ডের সার্বজনীন মানুষদের অংশগ্রহণ ছাড়া স্বচ্ছ ও জবাবদিহিতামূলক অগ্রাধিকার তালিকা প্রস্তুত একেবারেই অসম্ভব। এক ওয়ার্ডের মানুষ অন্য ওয়ার্ডের কে বেশি অসহায় জ্ঞাত থাকেন না। যে কারণে যাচাই বাছাই করে প্রক্রিয়া স্থানীয় সিদ্ধান্তে প্রতিটা ওয়ার্ডে উন্মুক্ত সভা করে ওয়ার্ডভিত্তিক করা উচিত। প্রতিটি ওয়ার্ডে জনসম্মুখে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হলে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত দারিদ্র বেষ্টনির সকল সহায়তা হতদরিদ্র মানুষের জীবনমান উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সমাজসেবা বিভাগের সভাগুলোতে সম্মানিত সদস্যগণ নিয়মিত উপস্থিত না হওয়ার কারণে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়। সেইফটিনেটের এমআইএস এ নির্ভুল তথ্য প্রদান করেন না। সকল সুফলভোগীদের ডাটাবেজ তৈরি করা হয় না। যে কারণে সুফলভোগী হতদরিদ্র মানুষগুলো কাংখিত সেবা হতে বঞ্চিত হয়। উপজেলা চেয়ারম্যান মহোদয় এ সমস্ত অসহযোগিতাকারী সদস্যদের উদাসিনতার বিষয়ে দু:খপ্রকাশ করেন এবং পরিবারভিত্তিক সকল সেইফটিনিটের আওতাধীন তালিকা প্রস্তুতের প্রস্তাব সভায় পেশ করেন। উল্লেখিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) সভায় সকল সদস্য সর্বসম্মতিক্রমে প্রতিটা ওয়ার্ডে পৃথক পৃথকভাবে মাইকিং সহ, প্রতিটা মসজিদের ইমাম সাহেবদের মাধ্যমে ব্যাপক প্রচার করে উন্মুক্ত ওয়ার্ড সভায় স্থানীয় সকল শ্রেণীর মানুষের উপস্থিতিতে উন্মুক্ত সভা আহবান করে এবং ট্যাগ অফিসারসহ সমাজসেবা বিভাগের তালিকা প্রস্তুতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের স্বশরীরে উপস্থিত থেকে সকল সেইফটিনেটে সহায়তার অগ্রাধিকার তালিকা প্রস্তুতের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(খ) প্রতিটি ইউনিয়নের সেইফটিনেটের আওতাভুক্ত সকল ব্যক্তির পরিবারের ডাটাবেজ প্রস্তুত করতে হবে।<br>(গ) বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যাক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত সকল মৃত ভাতাভোগীদের স্থলে অগ্রাধিকার তালিকা হতে দ্রুত যোগ্যদের স্থলাভিষিক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) দুর্যোগ কবলিত এলাকা হিসাবে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে চাহিদাপত্র প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা সমাজসেবা বিভাগের ১২ জনের স্থলে মাত্র ৩ জন মাঠকর্মী থাকায় বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে শুন্য পদে জনবল বাড়ানোর জন্য কর্তৃপক্ষের কাছে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপর্যুক্ত পত্র সমুহ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রেরণ করে উপজেলা সমাজসেবা কর্মকর্তা আগামী সভায় উপস্থাপন করবেন। | ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। সকল ইউপি চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১০। <u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা চেয়ারম্যান জনাব সাঈদ মেহেদী সভায় প্রস্তাব করেন যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যুদ্ধবিধ্বস্ত দেশকে পুর্নঃগঠনে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জাতীয় প্রবৃদ্ধি বাড়াতে সমবায় ভিত্তিক উৎপাদনের জন্য নানাবিধ প্রকল্প গ্রহণ করেছিলেন। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উৎযাপনের শুভক্ষণে জাতির জনকের সমবায়ভিত্তিক কৃষি মৎস্য প্রাণীসম্পদ সহ ক্ষুদ্র মাঝারি | (১) সমবায় ভিত্তিক কৃষি মৎস্য, হাসমুরগী, গরু ছাগল পালনসহ স্থানীয়ভাবে ছোট ছোট শিল্প গড়ে তোলার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) এ লক্ষ্যে আলাদা নথি খুলে কি কি পদক্ষেপ পূর্বে ছিল, এ সিদ্ধান্তের পর কি কি নতুন ব্যবস্থা নেয়া হয়েছে তা আগামী সভায় জানাতে হবে। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| শিল্প প্রতিষ্ঠার জন্য সমবায়ভিত্তিক বহুমুখী পরিকল্পনা গ্রহণের অনুরোধ করেন। | | |
| ২.১১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, এ উপজেলায় জন্মনিয়ন্ত্রণের হার ১.২% । তিনি আরো জানান যে, এ উপজেলার মৌতলা ও বিষ্ণুপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের বাউন্ডারি ওয়াল নির্মাণের জন্য ২৬ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে । নির্মাণ কাজ করার সময় বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা পাওয়া গেছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মৌতলা ও বিষ্ণুপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের বাউন্ডারি ওয়াল নির্মাণের বিরুদ্ধে দায়েরকৃত মামলার আরজি মোতাবেক বিজ্ঞ আদালতে জবাব প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। নিষেধাজ্ঞায় বাউবের বাউন্ডারি ওয়াল নির্মাণ করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার বিভাগের মাধ্যমে দক্ষতা উন্নয়ন,আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের যতগুলো সমিতি রয়েছে জলবায়ু ও ভৌগলিক অবস্থা এবং দক্ষতার বিষয়ে বিবেচনা করে দক্ষতাভিত্তিক অগ্রাধিকার দিয়ে সরকারী বিধি মোতাবেক (উল্লেখিত ৩০,০০,০০০/-ত্রিশ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের সুযোগ যথাযথ ব্যবহার করতে। বিধি মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের পক্ষে ৪নং দক্ষিণ শ্রীপুর ইউপি চেয়ারম্যান প্রশান্ত সরকার, উপজেলা চেয়ারম্যান মহোদয়কে যুগোপযোগী বাস্তবভিত্তিক প্রস্তাব আনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | উল্লেখিত প্রস্তাবের বিষয় গুরুত্ব বিবেচনায় এনে বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণ করে আগামী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগসহ সকল বিভাগের সকল প্রকার প্রশিক্ষণ সংক্রান্ত চিঠিপত্রাদির অনুলিপি উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যানকে প্রদানের ব্যবস্থা করতে পুনঃ অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসারসহ সকল বিভাগীয় অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৪। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তাদের সমিতিতে ইতোমধ্যে ৩৬০.৪২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। সদস্য পুঁজি গঠন করা হয়েছে নীট ৩১.৪০ লক্ষ টাকা। ঋণ বিতরণের হার ৯৬%। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রমের ধারা অব্যাহত রাখাসহ ফাউন্ডেশনের সুদের হার ও অন্যান্য সরকারি সংস্থার/ ব্যাংকের /এনজিও-এর সুদের হারের একটি তুলনা উপস্থানের জন্য পুনঃ অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৫। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগের মাধ্যমে ৬২১ টি পানির উৎসের কাজ চলমান রয়েছে। পুকুর খনন, ওয়াস ব্লক নির্মাণ, পানির প্লান্ট নির্মাণ, স্যানিটেশনসহ সকল কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা এর অধীনে অত্র উপজেলায় সংশ্লিষ্ট বিভাগের সকল কার্যক্রম এর বরাদ্দের চিঠিপত্র, টেন্ডার, কার্যাদেশ সহ সকল কার্যক্রম এর চিঠিপত্র বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে স্বচ্ছতা এবং জবাবদিহিতার নিমিত্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা কে অব্যর্থতায় অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) উপজেলার প্রতিটি পরিবারের বিশুদ্ধ পানি এবং স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার নিশ্চিত করতে পরিবারভিত্তিক ডাটাবেজ তৈরি করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(গ) পরিবার ভিত্তিক সাময়িক বিশুদ্ধ পানি পান এবং পানির উৎস সংগ্রহের সময়কাল নির্ধারণ পূর্বক ডাটাবেজ তৈরি করতে হবে। যে সকল পরিবারে বিশুদ্ধ পানি এবং স্বাস্থ্যসম্মত পয়নিস্কাশন ব্যবস্থা নেই ঔ সকল পরিবারের শতভাগ বিশুদ্ধ পানি ও পয়নিস্কাশন ব্যবস্থা নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করে উপজেলা পরিষদকে অবহিত করার করতে হবে।<br>(ঘ) ইউনিয়ন এবং ওয়ার্ড ওয়াটসন কমিটির নিয়মিত মিটিংয়ের ব্যবস্থা নিশ্চিত করা এবং সিদ্ধান্ত সমূহ ইউডিসির মাধ্যমে ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের অফিসিয়াল ফেইজবুক পেইজে প্রকাশ করতে হবে। | ১। উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২.১৬। বন বিভাগের কার্যক্রম ঃ সভায় জানানো হয় যে,এ উপজেলায় সাম্প্রতিক ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে তিন লক্ষ গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। নতুনভাবে কমপক্ষে ১২ (বার) লক্ষ গাছ রোপন করতে হবে। বিষয়টি নিয়ে সভায় পুনঃ বিস্তারিত আলোচনা হয়। | (১) ১২ (বার) লক্ষ গাছের চাহিদা দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর পত্রযোগাযোগ করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়।<br>(২) প্রত্যেক মসজিদের ইমাম সাহেবগণকে প্রতি জুম্মায় সামান্য হলেও কোরআন হাদীসের আলোকে এবং পরিবেশ রক্ষার গুরুত্ব তুলে ধরে গাছ লাগানোর বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) বৃক্ষের চারা রক্ষার্থে আবশ্যিকভাবে চারদিকে বেড়া দিয়ে বৃক্ষ রোপন করতে হবে। চারিদিকে বেড়া ও পরিচর্যার জন্য চারা বরাদ্দের সাথে সাথে যাতে প্রয়োজনীয় অর্থ/সরঞ্জাম বরাদ্দ দেয়া হয় সেজন্য সামাজিক বনায়ন কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ১টি পত্র সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ পূর্বক তার কপি আগামী সভায় উপস্থাপন করবেন। | ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৭। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>খাদ্য গুদাম নির্মাণ বিষয়ক ঃ<br>সভায় জানানো হয় যে, কলিগঞ্জ উপজেলার জন্য বসন্তপুর যে খাদ্য গুদাম রয়েছে সেটি উপজেলা থেকে অনেক দূরে অবস্থিত এবং যোগাযোগ ব্যবস্থা একেবারে নাজুক। গোডাউনে যেতে যে রাস্তাটি রয়েছে সেটি দিয়ে ট্রাক যেতে পারে না। খাদ্য গুদাম হতে কৃষ্ণনগর, বিষ্ণুপুর ইউনিয়নসহ বিভিন্ন ইউনিয়নে খাদ্যশস্য পরিবহনে প্রতি বছরে যে পরিমাণ পরিবহন ব্যয় হয় তা বহন করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে হিমশিম খেতে হচ্ছে । সে জন্যে ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণ কুশুলিয়া/ মথুরেশপুর ইউনিয়নের মধ্যবর্তী স্থানে অথবা উপজেলা পরিষদের নিকটবর্তী সুবিধাজনক স্থানে একটি খাদ্য গুদাম নির্মাতণের প্রস্তাব রাখেন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) খাদ্য গুদাম হতে খাদ্যশস্য পরিবহনের সুবিধার্থে কালিগঞ্জ উপজেলার কুশুলিয়া/ মথুরেশপুর ইউনিয়নের সুবিধাজনক স্থানে অথবা কালিগঞ্জ উপজেলা পরিষদের নিকটবর্তী স্থানে খাদ্য গুদামের জন্য সরকারি খাস জমি পাওয়া গেলে জায়গা নির্ধারণ, স্কেচম্যাপসহ প্রস্তাব প্রেরণের পরবর্তী প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা-এর সাথে সার্বিক যোগাদযোগ রেখে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয় ।<br>(২) প্রাপ্ত খাস জায়গা/ প্রস্তাবিত অধিগ্রহণযোগ্য জায়গায় খাদ্য গুদাম নির্মাণের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করে উক্ত পত্রের কপি সভায় উপস্থাপন করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ প্রসংগে সভায় জনানো হয় মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে এ উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন ও মাল্টিমিডিয়া ক্লাস রুম চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে এ উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করতে হবে।<br>(খ) মাল্টিমিডিয়া ক্লাস রুম চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কারিগরি শিক্ষা গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ ক্লাস/ সেমিনার আয়োজন করতে হবে।<br>(ঘ) পরীক্ষাকেন্দ্র হিসাবে ব্যবহৃত প্রতিষ্ঠানে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ২.১৯। আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সভাপতি বলেন যে, আমার বাড়ি আমার খামার মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার গ্রাম বাংলার সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন এবং একটি স্বপ্নের প্রকল্প হলেও দুঃপ্রকাশ করে বলেন, বহু সদস্যদের সঙ্গে নিজে কথা বলে জানতে পারেন, সমিতির মিটিংগুলো দৃশ্যমান নয়। সচারচর কাগজ কলমে মিটিং করা হয়। পল্লী সঞ্চয় ব্যাংকের সম্পর্কে সদস্যদের ধারণা অস্পষ্ট। শেয়ার ক্রয় এর জন্য সদস্যরা আগ্রহ প্রকাশ করেন না। সংশ্লিষ্ট কর্মকর্তা/মাঠকর্মীগণ এই বিষয়ে সদস্যদের সচেতন না করে নিজেদের নামে-বেনামে শেয়ার ক্রয় করেন। এই সমস্ত অব্যবস্থাপনার কারণে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাগণ ঋণ পরিশোধে অনীহা প্রকাশ করেন। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েক সদস্য জানান যে, কোন কোন সমিতির বিশেষ বিশেষ পদবীধারী ব্যক্তিদের যোগসাজগে বিশেষ বিশেষ ব্যক্তিদের নামে ঋণ গ্রহণ করে বিশেষ সুবিধা গ্রহণ করে থাকেন। সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, এই বিষয়ে তদন্ত পূর্বক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে কথিত ঋণ খেলাপীদের খেলাপী ঋণ আদায় পূর্বক | (১) সকল ইউপি চেয়ারম্যানদের এই প্রকল্পের কর্ম সম্পর্কে বিস্তারিত অবহিত করতে হবে, সেই সাথে সমিতিগুলোর সঙ্গে সংশ্লিষ্ট চেয়ারম্যান/ চেয়ারম্যানদের প্রতিনিধিদের সচেতনতা বৃদ্ধিসহ সকল কার্যক্রম বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে সমন্বয় করার অনুরোধ করা হয়।<br>(২) সভায় সকল সদস্য উপজেলা নির্বাহী কর্মকর্তাকে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তবায়নের জন্য কার্যকরী পদক্ষেপ নেওয়ার অনুরোধ করেন।<br>(৩) সভায় সকলকে এ সংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগ প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| নতুন নতুন সদস্যদের মাঝে ঋণ সহযোগিতা দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। সভাপতি আরও জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কর্মকর্তা কর্মচারীগণকে বার বার মৌখিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন এবং খেলাপী ঋণ আদায়ে সচেতনা বৃদ্ধি সহ সহযোগিতা নেওয়ার পরামর্শ দিলেও আমার জানা মতে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। | | |
| ২.২০। <u>পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম</u> ঃ<br>(ক) সভায় জানানো হয় যে,অত্র উপজেলার এলজিইডি'র রাস্তা, পাউবোর বাঁধকে মাছ চাষের জন্য ঘেঁর মালিকগণ ঘেঁরের বেড়ি বাঁধ হিসেবে ব্যবহার করে থাকে । সে জন্য বাঁধসমূহ প্রতি বছরই নষ্ট হয়ে যায় এবং বার বার মেরামত করতে হয়। এতে সরকারের কোটি কোটি টাকার ক্ষতি হয়ে থাকে। পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘেঁর কে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ / ডাইক বাঁধ নির্মাণ না করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) সভায় উপজেলা পরিষদ ক্যাম্পাসের সকল অফিসের নিরাপত্তার স্বার্থে এবং মুজিববর্ষ উদযাপনে উপজেলা সদরকে সৌন্দার্য বর্ধনে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স থেকে প্রাথমিক শিক্ষক সমিতির মিলনায়তন পর্যন্ত যমুনা নদীর দুই পাড়ের সকল অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘেরকে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ/ ডাইক বাঁধ নির্মাণের অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীর কে পুনঃ অনুরোধ জানানো হয়।<br>(খ) উপজেলার সকল অফিস এবং আবাসিক এলাকার বসবাসরত সকল কর্মকর্তা কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে এবং মুজিববর্ষে উপজেলা সদরের সৌন্দার্য বর্ধনে যতদ্রুত সম্ভব মুক্তিযোদ্ধা কমপ্লেক্স থেকে প্রাথমিক শিক্ষক সমিতির মিলনায়তন পর্যন্ত যমুনা নদীর দুই পাড়ের সকল অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যকরী ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(গ) আনসার ভিডিপি অফিস, কৃষি বিভাগের ভবন, বিএডিসি গোডাউন এর সামনে সকল অবৈধ স্থাপনা নিরাপত্তাজনিত, সৌন্দার্য বর্ধনের মাধ্যমে অফিস আদালতের পরিবেশ উন্নয়নে সকল অবৈধ স্থাপনা উচ্ছেদের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(ঘ) খ ও গ অনুচ্ছেদের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য উচ্ছেদ মামলা দায়ের পূর্বক আগামী সভাকে মামলা দায়েরের প্রমাণকসহ অবহিত করতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।<br>৩) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৪) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৫) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.২১। <u>উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</u> ঃ<br>করোনা ভাইরাসের প্রাক্কালে সকল বিভাগের কার্যক্রম মনিটরিং এর জন্য সকল বিভাগ কর্তৃক তাদের বিভাগ সংশ্লিষ্ট অফিসিয়াল ফেইসবুক আইডি খোলার বিষয়ে আলোচনা হয়। | সকল বিভাগকে অফিসিয়াল ফেইসবুক আইডি খুলে uno unokaligonj satkhira আইডিতে যুক্ত হতে হবে।সহঃ প্রোগ্রাম সকল বিভাগের অফিসিয়াল ফেউসবুক আইডি সহ ১ টি প্রতিবেদন দিবেন। | ১। সকল বিভাগ<br>২। সহঃ প্রোগ্রামার |
| ৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের <u>জন্মশত বার্ষিকী মুজিব বর্ষ উদযাপন</u> ঃ<br>৩.০১। মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে এ উপজেলায় বিভিন্ন দৃষ্টি নন্দনস্থানে মুজিববর্ষ তোরণ / গেইট নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে এ উপজেলায় বিভিন্ন দৃষ্টি নন্দনস্থানে প্রয়োজনীয় সংখ্যক মুজিববর্ষ তোরণ / গেইট নির্মাণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ৩.০২। উপজেলা পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ পরিত্যাক্ত <u>ভবন কনডেম ঘোষণা সংক্রান্ত</u> ঃ<br>(ক) প্রস্তাবিত উপজেলা কমপ্লেক্স ভবনের স্থলে উপজেলা পরিষদের অভ্যন্তরে অফিসার্স ক্লাবের সংলগ্ন আশির দশকের নির্মিত বিএডিসি অফিস হিসাবে ব্যবহৃত উক্ত পরিত্যাক্ত ভবনের ধ্বংসাবশেষ পরিস্কার করে এবং উক্ত জায়গা উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জায়গা নির্ধারণ হওয়ায় স্থানটির মাটি পরীক্ষার জন্য উপজেলা প্রকৌশলীকে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।<br><br>খ) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমেটরি ভবনের পিছনের দিকে রাস্তার ধারে আশির দশকের সময়ের দুটি পরিত্যাক্ত ভবন রয়েছে । যার ছাদ খঁসে ধ্বসে পড়ে গেছে, ইটের গাঁথুনি ঝড়ে যাচ্ছে যে কোন সময় পড়ে একটা দুর্ঘটনা ঘটে যেতে পারে। রাতের বেলায় এখানে মাদকসেবীদের আনাগোনা লক্ষ্য করা যায়, তাছাড়া উক্ত পরিত্যাক্ত ভবনের সামনে ও পিছনে বিভিন্ন ব্যবসায়ীগণ দখল করে নির্মাণ সামগ্রী রাখা, বাক্স, ট্রাংকি, আলমারি তৈরী করছে মর্মে দেখা যাচ্ছে। যার ফলে সরকারি জায়গা অবৈধ দখলে চলে যাচ্ছে। | (ক) উপজেলা প্রকৌশলীর আলোচনার আলোকে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিএডিসির পরিত্যাক্ত অফিস ভবনের ধ্বংসাবশেষ অপসারণ করে উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের কাজ তরান্বিত করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কে অতি দ্রুত বিএডিসির মাধ্যমে প্রকাশ্য নিলামের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>খ) উপজেলা পরিষদের মালিকানাধীন জমি এবং বিএডিসির ব্যবহার অনুপযোগী সরকারি ঝুকিপূর্ণ ভবনসমূহ সহ অন্যান্য পরিত্যাক্ত ভবন অপসারণ ও জেলা কনডেম কমিটির সভায় অনুমোদন গ্রহণের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>গ) কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিএডিসির ব্যবহার অনুপযোগী পরিত্যাক্ত সরকারি ঝুকিপূর্ণ ভবনসমূহ অপসারণের নিমিত্ত অনাপত্তি সনদ সংশ্লিষ্ট দপ্তর হতে অতিদ্রুত গ্রহণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা বরাবর দাখিলের জন্য উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়।<br>ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষদের জায়গা (বিএডিসির পরিত্যাক্ত ভবনের স্থান) এবং তার সামনে পানি উন্নয়ন বোর্ডের জায়গা বেদখল উচ্ছেদের জন্য সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, সাতক্ষীরাকে বিধি মোতাবেক উচ্ছেদ মামলা রুজু করতে | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ , সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| অতিক্রুত ভবন দুটি অপসারণ করা প্রয়োজন। | অনুরোধ করা হলো। এবং উপজেলা পরিষদের পক্ষে উচ্ছেদ মামলা দায়ের করতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিগঞ্জকে অনুরোধ করা হলো। আগামী সভায় উচ্ছেদ মামলা রুজু করার প্রমাণক উপস্থাপন করতে হবে। | |
| ৩.০৩। বৃক্ষ রোপন ও অবৈধ বৃক্ষ কর্তন এবং আত্মসাৎ সংক্রান্ত ঃ<br>ক) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলায় সাম্প্রতিক ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে ১২ ইউনিয়নে কমপক্ষে তিন লক্ষ গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ক্ষতি পূরণের জন্য নতুনভাবে কমপক্ষে ১২ (বার) লক্ষ গাছ রোপন করতে হবে। বন্যা, ঘূর্ণিঝড়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি অপ্রত্যাশিত জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা স্মারক নং ১০৬৮ তারিখ ১০ নভেম্বর ২০১৪ এর ৪(ঘ) অনুচ্ছেদ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ ইউনিয়নে কমপক্ষে ৫ (পাঁচ) লক্ষ গাছ লাগানোর জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা উক্ত চারার বেড়া দেয়া ও পরিচর্যার জন্য ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা মোট ৫৫,০০,০০০/- (পঞ্চান্ন লক্ষ) টাকা চেয়ে পত্র যোগাযোগ করা যেতে পারে।<br>খ) সভায় আরো জানানো হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পরিকল্পনা কমিশন, ভৌত অবকাঠামো বিভাগ, সড়ক পরিবহন উইং প্রজ্ঞাপন, তারিখ-১৯ অক্টোবর ২০১৭ মোতাবেক এলজিইডির গেজেটভুক্ত রাস্তার (**আইডি নং ১৮৯৬ ২৮৭৪৭২০০১ কালিগঞ্জ আরএইচডি নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এন্ড রতনপুর জিসি রোড ১৫.২৭ কি:মি:** দৈর্ঘ্য এলজিইডি এর সড়কের যে সকল বৃক্ষ ঘূর্ণিঝড় বুলবুলে পড়ে গিয়েছে তা বিলিবন্দেজ করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছিল। এলজিইডি এর সড়কের স্ব স্ব ইউনিয়নের অংশভুক্ত অংশের ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্থ সকল পড়ে যাওয়া বৃক্ষ বিধি মোতাবেক বিলিবন্দেজ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্যাদি উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। সভায় এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান যে, বিগত ০৯/১১/২০১৯ তারিখ সৃষ্ট ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে তাদের ইউনিয়ন পরিষদের রাস্তার উপড়ে পড়া সকল প্রকার গাছ জনাব রোজিনা পারভিন, মহিলা সদস্য, সংরক্ষিত আসন-৩, জেলা পরিষদ, সাতক্ষীরা-এর স্বামী জনাব মোজাহার হোসেন কান্টু তার সহযোগীদের মাধ্যমে উপজেলা পরিষদকে অবহিত না করে গাছসমূহ সংগ্রহ করে তাদের জিম্মায় সংরক্ষণ করে রেখেছেন। শুধু তাই নয় রাজনৈতিক প্রভাবে স্ত্রী জেলা পরিষদের মহিলা সদস্য হওয়ায় সুবাদে এ্যাডঃ মোজাহার হোসেন কান্টু অনৈতিক ও বেআইনীভাবে ঝড়ে উপড়ে পড়া ক্ষতিগ্রস্থ গাছের সাথে দন্ডায়মান মুল্যবান গাছও কর্তন করে আত্মসাত করেন। বিষয়টি উপজেলা চেয়ারম্যান সাহেব জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করেন এবং আলাপ আলোচনা করে আবারও জনাব মোঃ শামছুল আলম, উপসহকারী প্রকৌশলী কে ঘটনাস্থলে পাঠালে এ্যাডঃ মোজাহার হোসেন কান্টু নিজেকে জেলা পরিষদের প্রতিনিধি হিসাবে গাছ কাটতে শ্রমিকদের উদ্ধতপূর্ণ নির্দেশ দেন। শামসুল আলম সাহেবের সাথে রূঢ় আচরণ করেন।<br>এক পর্যায়ে জনাব মোঃ শামসুল আলম সাহেব এ্যাড মোজাহার হোসেন কান্টু সাহেবকে অফিসে ফিরিয়ে আনেন এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান সাহেবের সাথে কথা বলতে অনুরোধ করলে কান্টু সাহেব অপারগতা প্রকাশ | (ক) কালিগঞ্জ উপজেলায় সাম্প্রতিক ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে কমপক্ষে তিন লক্ষ গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ক্ষতি পূরণের জন্য নতুনভাবে কমপক্ষে ১২ (বার) লক্ষ গাছ রোপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বন্যা, ঘূর্ণিঝড়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি অপ্রত্যাশিত জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা স্মারক নং ১০৬৮ তারিখ ১০ নভেম্বর ২০১৪ এর ৪(ঘ) অনুচ্ছেদ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ ইউনিয়নে প্রাথমিক ভাবে কমপক্ষে ৫(পাঁচ) লক্ষ গাছ লাগানোর জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা উক্ত চারার বেড়া দেয়া ও পরিচর্যার জন্য ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা মোট ৫৫,০০,০০০/- (পঞ্চান্ন লক্ষ) টাকা বরাদ্দ চেয়ে উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পরিকল্পনা কমিশন, ভৌত অবকাঠামো বিভাগ, সড়ক পরিবহন উইং প্রজ্ঞাপন, তারিখ-১৯ অক্টোবর ২০১৭ মোতাবেক এলজিইডির গেজেটভুক্ত রাস্তার (**আইডি নং ১৮৯৬ ২৮৭৪৭২০০১ কালিগঞ্জ আরএইচডি নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এন্ড রতনপুর জিসি রোড ১৫.২৭** কি:মি: দৈর্ঘ্য রাস্তা ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্থ এবং জীবিত দন্ডায়মান মোট ৫১ (একান্ন) টি গাছ এ্যাডঃ মোজাহার হোসেন কান্টু কর্তন করে আত্মসাৎ করাকালে এবং যথাযথ কর্তৃপক্ষের পক্ষে সরকারী কর্মকর্তা উপ-সহকারী প্রকৌশলী জনাব শামসুল আলম এলজিইডি বাধা প্রদান করিলে তাহার সাথে জঘন্য রূঢ় আচরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাব গৃহিত হয়।<br>এলডিইডির গেজেটভুক্ত রাস্তার ৫১ (একান্ন) টি গাছ বেআইনী আত্মসাৎ এবং সরকারী কর্মকর্তার সাথে রাষ্ট্রীয় কাজে বাধাদান করে তিনি পেনাল কোডের বিভিন্ন ধারায় জঘন্য আপরাধ করেছেন। উপজেলা প্রকৌশলীকে এ্যাড: মোজাহার হোসেন কান্টুর বিরুদ্ধে সরকারী এলজিইডি দপ্তরের গেজেটভুক্ত রাস্তার গাছ লুটপাট এবং সরকারী কাজে বাধা দান করার অপরাধে তাহার বিরুদ্ধে আইনানুগ সকল ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ অপারগতা প্রকাশ করায় এলজিইডির গেজেটভুক্ত রাস্তার (**আইডি নং ১৮৯৬ ২৮৭৪৭২০০১ কালিগঞ্জ আরএইচডি নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এন্ড রতনপুর জিসি** রোড এর ধারে ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্থ কান্টুর আত্মসাতকৃত ৫১টি গাছ বাদে বিভিন্ন পুকুর ডোবায় অবশিষ্ট পরিত্যক্ত গাছগুলি উদ্ধার করে উপজেলা পরিষদের অভ্যন্তরে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যানের সহযোগিতায় উপজেলা প্রকৌশলী দপ্তর বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(ঘ) গাছ উদ্ধারের এবং সরকারী কাজে বাধা প্রদানের জন্য মামলা দায়েরের অগ্রগতি জানানোর জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো। | ক) উপজেলা চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা।<br><br>গ) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| করেন। জীবন্ত গাছ কাটার ভিডিও উপজেলা পরিষদের উক্ত মিটিংএ সকল সদস্যকে দেখানো হয় এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড: মোজাহার হোসেন কান্টুর বিরুদ্ধে সরকারী কাজে বাধা প্রদান করার জন্য নিন্দা প্রস্তাব আনেন। উল্লেখ্য যে, জনাব শামসুল আলম সাহেবের রিপোর্ট অনুযায়ী তিনি বুলবুলে ক্ষতিগ্রস্থ ৪৯টি গাছ এবং ২টি দন্ডায়মান গাছ কেটে গাছসমূহ এ্যাডঃ মোজাহার হোসেনন কান্টু গাছের কান্ডে জেলা পরিষদ লিখে অবৈধভাবে দখলে রেখেছেন। কর্তনকৃত গাছগুলো উদ্ধারের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়েছিল কিন্তু তিনি উক্ত গাছ জনাব রোজিনা পারভিন, মহিলা সদস্য, সংরক্ষিত আসন-৩, জেলা পরিষদ , সাতক্ষীরা-এর স্বামী জনাব মোজাহার হোসেন কান্টু-এর দখল হতে উদ্ধার করতে পারেনি। বিষয়সমূহ সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৩.০৪। <u>শিক্ষা প্রতিষ্ঠানের বাউন্ডারি ওয়াল নির্মাণ</u> ঃ সভায় জানানো হয় যে, এ উপজেলার প্রায় অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানের বাউন্ডারি ওয়াল নেই। যার ফলে ছাত্র/ছাত্রীরা এলোমেলো ভাবে বাইরে ঘোরা ফেরা করে। তাছাড়া বাউন্ডারি ওয়াল না থাকার নিরাপত্তা বিঘ্নিত হয়। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাউন্ডারি ওয়াল নেই সেই সকল প্রতিষ্ঠানে বাউন্ডারি ওয়াল নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাউন্ডারি ওয়াল নেই সেই সকল প্রতিষ্ঠানে বাউন্ডারি ওয়াল নির্মাণের বিষয়ে উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসহ স্কুলের ভবন/ বাউন্ডারি ওয়াল নির্মাণের প্রস্তাব শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবর প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। প্রেরিত পত্রসমুহ আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩.০৫ <u>কালিগঞ্জ বাস টার্মিনাল স্থানান্তর বিষয়কঃ</u> সভায় জানানো হয় যে, সাতক্ষীরা-শ্যামনগর মহাসড়কের কালিগঞ্জ ব্রীজের উত্তর পার্শে সামাদ স্মৃতি বলফিল্ড সংলগ্ন মহাসড়কের উপর বাস স্টান্ড থাকায় এবং যত্রতত্র বাস গাড়ী রাখার কারণে রাস্তায় সার্বক্ষণিক যানজট থাকে । ফলে বিভিন্ন ইউনিয়নে দুর্যোগকালীন সময়ে মালামাল পরিবহন এবং দু'টি উপজেলার ৭ (সাত) লক্ষ মানুষের চলাচল, মুমূর্ষু রুগীর এ্যাম্বুলেন্সসহ স্কুলগামী, অফিসগামী, বিভিন্ন অফিস আদালত, জেলা সদরে যাতায়াতসহ পৃথিবীর শ্রেষ্ঠ ম্যানগ্রোভ সুন্দরবন বিশাল পর্যটন শিল্পের যাতায়াতের একমাত্র রাস্তার উপর বাস টার্মিনাল থাকায় আপদকালীন, দুর্যোগকালীন জনজীবনে চরম দুর্ভোগসহ বিভিন্ন সময়ে রাস্তায় বিগত সময়ে প্রায় ৫০ জন রোগীর মৃত্যুর কথা কালিগঞ্জ নাগরিক সভায় আলোচনায় উঠে এসেছে। জনদুর্ভোগ কমাতে এবং অস্বাভাবিক মৃত্যুর হাত থেকে জনজীবন রক্ষার্থে কাঁকশিয়ালী নদীর দক্ষিণ পাড়ে ব্রীজের পূর্ব পাশে সড়ক ও জনপথের প্রায় ২০ একর সম্পত্তি (যা আস্তে আস্তে অবৈধ দখলদারদের হাতে চলে যাচ্ছে) অবৈধ দখলদারদের উচ্ছেদ পূর্বক টার্মিনালটি স্থানান্তর করে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনে নির্বিঘ্ন সড়ক যোগাযোগ ব্যবস্থার দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয় । টার্মিনালটি স্থানান্তরের ফলে সামাদ স্মৃতি ফুটবল মাঠটি (যার একটি অংশ টার্মিনাল হিসাবে ব্যবহৃত হচ্ছে ) স্টেডিয়াম করার বিষয়ে আলোচনা করা হয়। | কাঁকশিয়ালী নদীর দক্ষিণ পাড়ে ব্রীজের পূর্ব পাশে সড়ক ও জনপথের প্রায় ২০ একর সম্পত্তি মধ্যে ইতিমধ্যেই প্রায় ৩ একর অবৈধ দখলদারীরা অবস্থান করছেন। তাদের উচ্ছেদ পূর্বক বাস টার্মিনালটি স্থানান্তর করে বঙ্গবন্ধুর জন্য শতবার্ষিকী উদযাপনে নির্বিঘ্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা স্থাপনের পদক্ষেপ গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । বাস টার্মিনালটি স্থানান্তরের ফলে সামাদ স্মৃতি ফুটবল মাঠটি (যার একটি অংশ টার্মিনাল হিসাবে ব্যবহৃত হচ্ছে) স্টেডিয়ামে করার সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ সাতক্ষীরা।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩.০৬। <u>উপজেলা পরিষদ ক্যাম্পাসে গোডাউন নির্মাণঃ</u> সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন গোডাউন ভবন নেই। ফলে বন্যা, ঘূর্ণিঝড়, প্রাকৃতিক দুর্যোগের সময় ত্রাণ সামগ্রীসহ সরকারি বই/ মালামাল রাখার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হয় বিধায় উপজেলা পরিষদ ক্যাম্পাসে ০১ (এক) টি গুদামঘর নির্মাণের প্রস্তাব করা হয়। এ প্রসঙ্গে জানানো হয় যে,<br>(১) বিআরডিবি ভবনে কোন গোডাউন নেই, উপজেলা | (ক) কালিগঞ্জ উপজেলা পরিষদ ক্যাম্পাসে গুদামঘর নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করার জন্য এবং গুদামঘর নির্মাণের প্রয়োজনীতা এবং প্রস্তুতকৃত প্রাক্কলন বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ০২-০৫-২০১১ খ্রিঃ তারিখের স্থাসবি/ উপ-২/এম-৫/২০০৮/২১৮৫ নং পরিপত্র অনুসরণে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পরিষদের মালিকানাধীন গুদামঘর নির্মাণের ক্ষেত্রে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর | ১) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| পল্লী উন্নয়ন অফিসারের সাথে আলাপ করে জানা যায় উক্ত বিভাগের গোডাউন নির্মাণের কোন সম্ভাবনা নেই।<br>(২) ইতোপূর্বে কোর্ট বিল্ডিং এর পুরাতন ভবনে বই রাখা হতো তা মডেল মসজিদ নির্মাণের জন্য ভেঙ্গে ফেলার সিদ্ধান্ত হয়েছে।<br>(৩) ত্রাণ সামগ্রী স্থানাভাবে বর্তমানে অডিটরিয়ামে রাখা হয় ফলে বড় অনুষ্ঠানকরতে সমস্যা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৪(ক),(ঘ) নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা বরাবর প্রকল্প প্রস্তাব ও বরাদ্দ চেয়ে পত্র যোগাযোগ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br><br>(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সরকারী বই পরিত্যক্ত কোর্ট বিল্ডিং ভবনে রাখা রয়েছে। বৃষ্টি মৌসুম আগত, বৃষ্টি শুরু হওয়ার সাথে সাথে পরিত্যাক্ত কোর্ট বিল্ডিং এ রাখা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সরকারী বই নষ্ট হয়ে যাবে। এতে সরকারের লক্ষ লক্ষ টাকার বই নষ্ট হয়ে যেতে পারে। ফলে এর দায়ভার উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের উপর বর্তাইবে। সুতরং উপজেলা পরিষদ ক্যাম্পাসে গোডাউন নির্মাণ সম্পন্ন না হওয়া পর্যন্ত পুরাতন পরিত্যক্ত কোর্ট বিল্ডিং হতে সরকারী বই স্থানান্তর করে উপজেলা প্রমোট হোষ্টেলে রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। সরকারী বই বর্ষা শুরুর পূর্বেই পরিত্যক্ত কোর্ট বিল্ডিং হতে প্রমোট হোষ্টেলে স্থানান্তর করার জন্য উপজেলা প্রমোট হোষ্টেলে বসবাসকারীদের বরাদ্দ আদেশ ০১ মে / ২০২০ হতে বাতিল করে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাসা ছেড়ে দেয়ার জন্য এ সংক্রান্ত কমিটি ও বসবাসকারীদের অনুরোধ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিষয়টি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | |
| ৩.০৮। <u>অনুর্দ্ধ ১০০ মিটার ব্রীজ নির্মাণ সংক্রান্তঃ</u><br>সভায় এলজিইডির আওতাভুক্ত ১০০ মিটার দৈর্ঘ্যের ব্রীজ নির্মাণের প্রস্তাব প্রেরনের বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় হতে ব্রীজ নির্মাণের প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় হতে বিধি মোতাবেক ব্রীজ নির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩.০৯ ঘুর্ণিঝড় বুলবুলের আঘাতে ক্ষতিগ্রস্থ পানি উন্নয়ন বোর্ডের নলতা ইউনিয়নের খানজিয়া সাতবসু নামক স্থানে ওয়াপদার বেঁড়ী <u>বাঁধ নির্মাণ বিল পরিশোধ সংক্রান্ত</u> ঃ<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, প্রচন্ড ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে এ উপজেলায় গাছপালা,ঘরবাড়ী লন্ডভন্ড করে দিয়ে গেছে । ঘুর্ণিঝড় বুলবুলের আঘাতে পানি উন্নয়ন বোর্ডের নলতা ইউনিয়নের খানজিয়া সাতবসু নামক স্থানে ওয়াপদার বেঁড়ী বাঁধ ভেঙ্গে যায়। তাৎক্ষণিক পানি উন্নয়ন বোর্ড হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার বালির বস্তা দেয়া হয়। কিন্তু সম্পূর্ণ বেঁড়ী মেরামত করতে হলে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার প্রয়োজন। ভারত পারের কাটাখালি নদীর পানি এই পাড়ে পড়ে স্রোতের চাপে বাঁধটি ভেঙ্গে ২/৩ ইউনিয়ন পানির নিচে তলিয়ে যাবার সম্ভবনা দেখা দেয়ায় উপজেলা প্রশাসন,উপজেলা চেয়ারম্যান, ইউ,পি চেয়ারম্যান,মেম্বার এবং পানি উন্নয়ন বোর্ডের স্থানীয় প্রতিনিধি যৌথভাবে পানি সম্পদ মন্ত্রণালয়,উর্দ্ধতন কর্তৃপক্ষসহ জেলা প্রশাসক, সাতক্ষীরাকে অবহিত করে তাৎক্ষণিকভাবে নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা এবং উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা এর মাধ্যমে ৯,৫০,০০০/- (নয়লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলন প্রস্তুতকরত: ঠিকাদার নিযুক্ত করা হয় । প্রি ওয়ার্ক হিসাবে পার্শ্ববর্তী এলাকার সিপেজ এবং লিপেজ এর কারণে উপজেলা পরিষদের চেয়ারম্যানের উদ্দ্যোগে প্রি ওয়ার্ক হিসাবে ভাঙ্গন রক্ষার্থে উল্লেখিত ঠিকাদারকে অনুরোধ করে<br><br>রাতদিন ২৪ ঘন্টা ৮-১০ দিন ধরে ৪/৫টি ঘেরের পানি নিস্কাশন, বালি ডাম্পিংএ, ভেড়ীবাধ নির্মাণে প্রাক্কলিত ব্যয় ছাড়া উক্ত ঠিকাদার এবং উপজেলা চেয়ারম্যানের অনুরোধে অতিরিক্ত প্রায় ২ লক্ষ টাকা ব্যয় করেন। উক্ত ব্যয় অনুমোদনসহ বরাদ্দ প্রদানের জন্য পানি | (ক) ঘুর্ণিঝড় বুলবুলের আঘাতে পানি উন্নয়ন বোর্ডের নলতা ইউনিয়নের সাতবসু নামক স্থানে ওয়াপদার বাঁধ মেরামত বাবদ ব্যয়িত ৯,৫০,০০০/- (নয়লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় অনুমোদন ও উক্ত টাকা বরাদ্দ প্রদানের জন্য পানি সম্পদ মন্ত্রনালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পত্র যোগাযোগের জন্য নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা এবং উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো,সাতক্ষীরা।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| সম্পদ মন্ত্রনালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং বাধটি দ্রুত সম্পুর্ণ মেরামতের জন্য পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের পাশাপাশি একজন উপ-সহকারী প্রকৌশলী শামসুল আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান স্বয়ং ধারাবাহিকভাবে উপস্থিত থেকে তদারকি করেছেন। উক্ত ঠিকাদার উল্লেখিত সকল কর্মকর্তাদের সকল অনুরোধ রক্ষা করেছেন। কিন্তু অদ্যবধি ব্যয়িত অর্থ তিনি পাননি। বারবার বিলের সুপারিশের জন্য উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে তিনি অনুরোধ করে যাচ্ছেন। আপাতকালীন সময়ে জনস্বার্থে উল্লেখিত বিশিষ্ট জনপ্রতিনিধি সহ উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুরোধে অর্থনৈতিক ক্ষতি স্বীকার করে কার্য সম্পাদন করেছেন। সম্মানিত ঠিকাদারকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব সহ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে প্রাক্কলনের কার্যক্রম সমাপ্তি হওয়ায় সুপারিশ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | | |
| ৩.১০ যমুনা নদী খনন ঃ<br>সভায় জানানো হয় যে, ভারতের যমুনা নদী আগ্রা হয়ে প্রবাহমান ইছামতি-কালিন্দী নদীর মোহনায় মিলিত হয়ে শাখানদী কাঁকশিয়ালী ও যমুনা নদীর ধার দিয়ে কালিগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে, উপজেলা পরিষদের পূর্বদিক দিয়ে শ্যামনগর অভিমুখে চলে গিয়েছে। নদীটি মৃত্যু প্রায়। নদীর ধারে পানি উন্নয়ন বোর্ডের জায়গায় কতিপয় ব্যক্তি অবৈধভাবে ঘর উত্তোলন করে দোকান তৈরীসহ অবৈধভাবে বসবাস করছে । নদীটি দ্রুত খনন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) যমুনা নদী খননের প্রস্তাব প্রেরণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পওর-১ সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>খ) কালিগঞ্জ কাঁকশিয়ালী নদীর ধারসহ যমুনা নদীর ধার দিয়ে অবৈধ স্থাপনা ও সাইনবোর্ড উচ্ছেদ করে দৃষ্টি নন্দন ইকোপার্ক করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিধিমতে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালিগঞ্জ,সাতক্ষীরা এবং নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পওর-১ সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পওর-১, সাতক্ষীরা।<br>(২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩.১১। ধলবাড়িয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণ সংক্রান্তঃ<br>সভায় জানানো হয় যে, এ উপজেলার ধলবাড়িয়া ইউনিয়নে কোন কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নেই। এলাকার জনসাধারণের চাহিদার ভিক্তিতে উক্ত ইউনিয়নে ১টি কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণের জন্য (১) জনাব মোঃ আব্দুল্যা গাজী, পিতা কোরবান আলী গাজী, সাং মুড়াগাছা, ডাকঘর- রতনপুর, উপজেলা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা কর্তৃক মুড়াগাছা মৌজায় খতিয়ান নং ৭৪৭, দাগ নং ২৫৩১ এবং ২৫৯১ নং দাগ হতে প্রয়োজনীয় জমি এবং (২) জনাব আকবর আলী মল্লিক পিতা-মৃত মল্লিক সৈয়দ আলী, মৌজা-মৌতলা, এস,এ খতিয়ান নং-৯৮৫, এস,এ দাগ নং-১১১২, বি,এস খতিয়ান নং-৮৫, বি,এস দাগ নং-২২২৫, জমির পরিমাণ-০৮ শতক কমিউনিটি ক্লিনিকের নামে দান করে দেবেন মর্মে উপজেলা পরিষদ চেয়ারম্যানকে অবহিত করেছেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। ধলবাড়িয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণের জন্য বর্ণিত ব্যক্তি জমি দান করলে সেখানে বিধিমতে ১ টি কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণের প্রস্তাব প্রেরনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। বিষয়টি সার্বিক তদারকির জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>২। মৌতলা ইউনিয়নের ২,৩ এবং ৭ নং ওয়ার্ডের কেন্দ্রস্থলে ৩ নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণের জন্য বর্ণিত ব্যক্তি জমি দান করলে সেখানে বিধিমতে ১ টি কমিউনিটি ক্লিনিক কেন্দ্র নির্মাণের প্রস্তাব প্রেরনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>৩। জমির দানপত্র আগামী সভায় উপস্থাপন করার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

৩.১২। <u>সরকারি খাস খাল খনন সংক্রান্ত ঃ</u>
সভায় জানানো হয় যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে যে সকল খাস খাল রয়েছে সেগুলো মৃত্যু প্রায় । অধিকাংশ খাল ভঁরাট হয়ে যাচ্ছে । খালগুলো খনন করা প্রয়োজন । সরকারি খাস খালের তালিকা জয়পত্রকাটি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং রতনপুর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণের নিকট হতে পাওয়া গেছে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়।

এ উপজেলার নিম্নবর্ণিত সরকারি খাস খালগুলো সম্পূর্ণ পুনঃখনন / সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। খালগুলো সম্পূর্ণ/ পুনঃখনন / সংস্কারের জন্য এলজিইডি / বিএডিসি সেচ/ পাউবোকে অনুরোধ জানানো হয় ।

| ক্রঃ নং | খাস খালের নাম | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | দানিয়ার খাল | কালিকাপুর (বড়) | ১ | ৩১৯৫ | ৩.৪৬ | ১৪২৮ পর্যন্ত ইজারা |
| ২ | কুনিয়ার খাল | ঐ | ১ | ৪৮৪ | ৪.৮০ | |
| ৩ | ঝুরঝুরিয়া নদী | রামনগর | ১ | ৬৪৪<br>৬৩৪<br>৬৩৫<br>৫১৩ | ২.০০<br>৩.৫০<br>১.৪৩<br>১.০০<br>৭.৯৩ | জন সাধারণের ব্যবহার্য্য |
| | | কালিকাপুর( বড়) | ১ | ৪৪৮৪<br>৪৪৮৬<br>৩১৫০ | ২.৬০<br>৬.২৫<br>০.১৫<br>৯.০০ | |
| | | রঘুনাথপুর | ১ | ২৫৬৩<br>২৫৬৪<br>২৫৬৫<br>২৫৬৬<br>২৫৬৭ | ০.৫০<br>১.১০<br>৪.৫০<br>১.০০<br>৩.১০<br>১০.২০<br>মোট<br>২৭.১৩ | |
| ৪ | বানিয়াপাড়া খাল-১ (বন্ধ) | বানিয়াপাড়া | ১ | ৩১৯ | ৫.৮৪ | ১৪২৪-১৪২৬ সন পর্যন্ত ইজারা রয়েছে |
| | | কৃষ্ণনগর | ১ | ৭৬৭ | ১.৭৬ | |
| | | শ্রীরামপুর | ১ | ৬৮৯ | ০.৫০<br>মোট<br>৮.১০ | |
| ৫ | বানিয়াপাড়া খাল-২ (বন্ধ) | বানিয়াপাড়া | ১ | ১৮১ | ৩.৩৪ | ঐ |
| ৬ | ডাগোরখালী খাল (দীঘির খাল) | কালিকাপুর (বড়) | ১ | ৩৬৫<br>৭২৬<br>৪৭২ | ১.৮৪<br>৭.২১<br>৯.০৫ | জন সাধারণের ব্যবহার্য্য |
| | | রামনগর | ১ | ৫১৩ | ২,৭৫<br>মোট<br>১১.৮০ | |
| ৭ | কলকলির খাল | তেলিখালী | ১(৫৫) | ১ | ১৩.৩৯ | উন্মুক্ত |
| ৮ | লাউতলির খাল | তেলিখালী | ১/১ | ১ | ৫.৮২সহ মোট ৪৮ টি দাগে ৫৪.৩৮ একর | ৫৪.৩৮ এর মধ্যে ৫৮৪ দাগসহ অন্যান্য দাগে ৮.৯৫ একর ইজারা দেয়া এবং ৪৫.৪৩ একর উন্মুক্ত |
| ৯ | বাগমারী খাল | তেলিখালী | ১(৬৫) | ৭৬০ | ১.৬১সহ ৬টি দাগে ৭.০৩ একর | ইজারা দেয়া হয়েছে |
| ১০ | বাইনতলা খাল-১ | চকসন্তোষপুর | ২ | ১ | ০.৭২সহ১১ টি দাগে ৮.০৬ একর | ঐ |
| ১১ | বাইনতলা খাল-২ | কাটুনিয়া | ১ | ২২৮<br>২২৯ | ১.২৭<br>২.২৫ | |
| | | দঃ সৈয়দালীপুর | ১ | এস এ ১ | ১.৫০ | |
| | | তেরুলিয়া | ১ | এসএ ৬৯ | ০.৬২ | |
| | | | | এসএ ৯২ | ০.৫৯<br>মোট<br>৫টি<br>দাগে<br>৬.২৩<br>একর | |

(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ।
(২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৩) উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৪) উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ, সাতক্ষীরা।

৪.০০। বিবিধ

৪.০১। <u>কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত সংক্রান্ত ঃ</u>
সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ী নং সাতক্ষীরা- ঘ-১১-০০২৪ এর মেরামতের বিষয়ে মোটরযান পরিদর্শক, সাতক্ষীরা-এর কারিগরি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০২/০২/২০২০ তারিখের ১৪৬ (যুক্ত ) স্মারক মুলে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত

মেরামত/ বদলীর বিষয়ে মোটরযান পরিদর্শক, বিআরটিএ সাতক্ষীরা সার্কেল-এর স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৬. ২০.০০৫৯.২০-৩১৬ তারিখ ১৬/০২/.২০২০ মুলে কারিগরি মতামত / অনুমোদন দিয়েছেন।

যা বিবরণ নিম্নরুপ ঃ

| ক্রমিক নং | মূল ইউনিট /যন্ত্রাংশ | লক্ষণসমূহ | ত্রুটিপূর্ণ মোটরযানের যন্ত্রাংশের বিবরণ | যে ধরণের মেরামত / বদলী প্রয়োজন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ইঞ্জিন সিস্টেম | ত্রুটিপূর্ণ | হ্যাংগার বুশ ০১ (এক) সেট | মেরামত |
| ২ | ইঞ্জিন সিস্টেম | ত্রুটিপূর্ণ | পাতির বুশ ০২ (দুই) সেট | পরিবর্তন |
| ৩ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক প্যাড ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৪ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক সু ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৫ | বিবিধ সিস্টেম | ত্রুটিপূর্ণ | ২০৫ আর-১৬ সাইজ টিউবসহ টায়ার ০৪ (চার) টি | পরিবর্তন |
| ৬ | ইঞ্জিন সিস্টেম | ত্রুটিপূর্ণ | শক এ্যাবজারভার ০২ (দুই) টি | পরিবর্তন |
| ৭ | বিবিধ সিস্টেম | ত্রুটিপূর্ণ | গাড়ীর বডির প্রয়োজনীয় স্থানে আংশিক ডেন্টিং | ডেন্টিং |
| ৮ | বিবিধ সিস্টেম | ত্রুটিপূর্ণ | সম্পূর্ণ গাড়ী পেইন্টিং | পেইন্টিং |
| ৯ | ইলেকট্রিক সিস্টেম | ত্রুটিপূর্ণ | ১২ ভোল্ট ১৭ প্লেট ব্যাটারী ০১ (এক) সেট | পরিবর্তন |

উপজেলা পরিষদের জীপগাড়ীর বর্ণিত স্মারকে প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক মেরামত/ পরিবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়েছে ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব জাকির হোসেন, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা | আহবায়ক |
| ২ | জনাব জামিরুল হায়দার, উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা | সদস্য |
| ৩ | জনাব মোঃ মিরাজ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা | সদস্য-সচিব |

উল্লিখিত কমিটি বিধি মোতাবেক টেন্ডার / কোটেশন আহবানসহ কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ী নং সাতক্ষীরা- ঘ- ১১-০০২৪ এর বর্ণিত মেরামত/ পরিবর্তনের কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী তার অফিসের ১৮/০২/২০২০ তারিখের ১১৪ নং স্মারকে বর্ণিত জীপগাড়ী মেরামতের লক্ষ্যে কোটেশন আহবান করা হয় । ধার্য তারিখ ০৩ (তিন) টি দরপত্র দাখিল হয়। প্রাপ্ত দরপত্রের মধ্যে মেসার্স মা মটর ওয়ার্কসপ, প্রোঃ প্রোঃ নেপাল রায় ,কালিগঞ্জ, মাইক্রো ষ্ট্যান্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা-এর দেয় দর ২,৬২,১০০/-(দুইলক্ষ বাষট্টি হাজার একশত) টাকা সর্বনিম্ন হওয়ায় উক্ত দর গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- ( একলক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। চলতি অর্থ বছরে জীপগাড়ীটি সচল রাখার নিমিত্ত টুকিটাকি মেরামত বাবদ ইতোপূর্বে উক্ত অর্থ ব্যয় হয়ে গিয়েছে বিধায় সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪/০৪/২০০৫ তারিখের স্মারক নং স্থাসবি/ উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩(৪৭২) মুলে পত্রে অতিরিক্ত অর্থ ব্যয়ের জন্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণের নির্দেশনা রয়েছে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ (১) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চলতি অর্থ বছরে জীপ গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে ২,৬২,১০০/-(দুইলক্ষ বাষট্টি হাজার একশত) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(২) উপজেলা পরিষদের জীপগাড়ী নং সাতক্ষীরা ঘ-১১-০০২৪ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে মেরামতের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কাগজপত্র প্রেরণসহ অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(৩) স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট মেরামতকারী প্রতিষ্ঠানের নিকট হতে জীপগাড়ি মেরামত পূর্বক বিল বিধি মোতাবেক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৪.০২। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর, ভ্রমনভাতা / দৈনিক ভাতা বিল অনুমোদন সংক্রান্ত ঃ

সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, জনস্বার্থে সরকারি বিভিন্ন সভা/ কর্মশালায় জেলার বাইরে যোগদান করেন। তাছাড়া এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্নয়ন প্রকল্প, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন কার্যক্রম তদারকি করে থাকেন কিন্তু এখনও তিনি কোন ভ্রমনভাতা / দৈনিক ভাতা বিল গ্রহণ করেননি। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর এপ্রিল/২০১৯ হতে ফেব্রুয়ারী/২০২০ পর্যন্ত ৯৭ দিনের দৈনিক ৬২৫ টাকা হারে দিনে সর্বমোট ৬০,৬২৫/- (ষাট হাজার ছয় শত পঁচিশ) টাকার বিল দাখিল করেছেন এবং মার্চ, এপ্রিল/২০২০ মাসের সম্ভাব্য ২৮ দিনের ট্যুর অনুমোদনের জন্য দাখিল করেছেন। উক্ত বিল ও ট্যুর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) উক্ত ভ্রমন শুধুমাত্র সরকারী ও জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ভ্রমন ভাতা/ দৈনিক ভাতা অনুমোদন করা হয়।

(২) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) সরকারী যানবাহন ব্যবহার করা হলে ভ্রমনভাতা প্রাপ্য হবেন না। তবে দৈনিক ভাতা প্রাপ্য হবেন।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ (১) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা
(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

৪.০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ সভায় জানান যে, সম্প্রতি জানা যায় যে, BPC বিটুমিন ব্যবহার বন্ধ করে UAE বিটুমিন ব্যবহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। UAE বিটুমিন স্থায়িত্ব তুলনামূলক কম মর্মে অভিযোগ রয়েছে। এমতাবস্থায় প্রথমত UAE এর পরিবর্তে BPC ব্যবহারের সুপারিশ করা যায়। যদি তা না সম্ভব হয় তা হলে UAE বিটুমিন মান গুনগত নিশ্চিত করার জন্য এই বিটুমিনের মান কুয়েট অথবা বুয়েট থেকে পরীক্ষা করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মত প্রকাশ করেন। তিনি আরো বলেন এই এলাকা লবনাক্ততা হওয়ার কারণে এ এলাকায় নির্মাণ সামগ্রীর বিষয়ে বিশেষ সর্তকর্তা অবলম্বন করা প্রয়োজন। সে ক্ষেত্রে অধিক গুনগত মান সম্পন্ন BPC বিটুমিনের পরিবর্তে কম গুনগত মান সম্পন্ন UAE বিটুমিন কেন ব্যবহার করা হবে তা বোধ্যগম্য নয় এবং বিষয়টি দুঃখজনক। এ বিষয়ে পরিষদের পর্যবেক্ষণ ও উদ্বেগ জানিয়ে স্থানীয় এলজিইডি মন্ত্রণালয়ে পত্র দিতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। আগামী সভায় প্রেরিত পত্রের কপি উপস্থাপন করতে হবে।

৪.০৪। পরিষদের কাছে হস্তান্তরিত সকল বিভাগের কর্মকর্তাগণের সকল উন্নয়ন কর্মকান্ডসহ সকল বরাদ্দসহ দাপ্তরিক সকল চিঠিপত্র উপজেলা চেয়ারম্যান মহোদয়কে সময়মতো অবহিত করার জন্য সকল কর্মকর্তাকে সভায় অনুরোধ করা হয়।

৪.০৫। করোনা ভাইরাস মহামারী মোকাবেলা করতে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের যৌথ উদ্যোগে প্রণীত কালিগঞ্জ উন্নয়ন মাষ্টার প্লান (Kaliganj Development Master Plan, KDMP) ও কালিগঞ্জ করোনা রেসপন্স মডেল (Kaliganj Corona Response Modal, KCRM) এর প্রযোজ্য অংশ উপজেলা পরিষদ সভায় উক্ত মাষ্টার প্লানের ৬ ধারার শর্ত মোতাবেক অনুমোদন করা হলো। KDMP ও KCRM এর উপজেলা পরিষদ সংশ্লিষ্ট অংশ এর বাস্তবায়ন পরিষদে নিয়মিত পর্যালোচনা করা হবে।

পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন এবং সকল কর্মসূচি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। তাছাড়া উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, নারী উন্নয়ন ফোরাম কমিটি কার্যকর, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

26/03/2020
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২০ - ৩৮১

তারিখ : ২৮ মার্চ ,২০২০ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৮। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

28/3/2020
মোঃ মোজাম্মেল হক রাসেল
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৫/০২/২০২০ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব মোঃ মোজাম্মেল হক রাসেল | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | ডাঃ জনাব মনোজিত মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | জনাব জাকির হোসেন | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,এর প্রতিনিধি |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | ৫ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | ৬ | জনাব কৃষিবিদ রুহুল আমিন | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ পক্ষে প্রতিনিধি |
| ৭ | ইউনিয়ন পরিষদ সচিব | পক্ষে চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ৭ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৮ | প্যানেল চেয়ারম্যান | চেয়ারম্যান ,মৌতলা ইউপি পক্ষে | ৮ | - | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ প্রতিনিধি |
| ৯ | জনাব এবাদুল ইসলাম | চেয়ারম্যান কুশুলিয়া ইউপি | ৯ | মোসাঃ শামছুন্নাহার | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| ১০ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি | ১০ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার কালিগঞ্জ |
| ১১ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ১১ | ডাঃ জনাব তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ১২ | ইউনিয়ন পরিষদ সদস্য | পক্ষে চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | ১২ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৩ | ইউনিয়ন পরিষদ সচিব | চেয়ারম্যান, নলতা ইউপি পক্ষে ইউপি সদস্য | ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | ইউনিয়ন পরিষদ সদস্য | চেয়ারম্যান, তারালি ইউপি | ১৪ | জনাব মোঃ আব্দল খালেক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ১৫ | ইউনিয়ন পরিষদ সদস্য | চেয়ারম্যান, রতনপুর ইউপি পক্ষে ইউপি সদস্য | ১৫ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৬ | জানাব মাহফুজা খানম | সংরক্ষিত মহিলা সদস্য | ১৬ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ১৭ | জনাব লাইলি পারভিন | সংরক্ষিত মহিলা সদস্য | ১৭ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ |
| | - | - | ১৮ | জনাব মোঃ আওছাফুর রহমান ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | - | - | ১৯ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার |
| | - | - | ২০ | জনাব আশরাফুল আলাম,উপজেলা সমম্বয়কারী | আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ |
| | - | - | ২১ | জনাব মোঃ খলিলুর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ২২ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| | - | - | ২৩ | জনাব মিরানা আক্তার | তথ্যসেবা কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| | - | - | ২৪ | জনাব সমীর কুমার রায় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| | - | - | ২৫ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব প্রভাতি রাণী | সংরক্ষিত মহিলা সদস্য | ১ | - | - |

পরিশিষ্ট - 'গ'

উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি)- এর অফিস সরঞ্জাম/যন্ত্রপাতির তালিকা ও সম্ভাব্য মূল্য নিম্নরূপ

| ক্র নং | | বিবরণ | | সংখ্যা | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | Computer | | | | | |
| | i | ল্যাপটপ কম্পিউটার | প্রসেসরঃ কোর আই ৫, র‌্যাম ৪ জিবি | ২টি | ৫০,০০০ | ১,০০,০০০.০০ |
| | ii | ডেক্সটপ কম্পিউটার | প্রসেসরঃ কোর আই ৫, র‌্যাম ৪ জিবি | ২টি | ৫০,০০০ | ১,০০,০০০.০০ |
| ০২. | | Computer Accessories | | | | |
| | i | প্রিন্টার (সাদা কালো) | ডুপ্লেক্সসহ লেজার জেট প্রিন্টার | ১টি | | ২৫,০০০.০০ |
| | ii | স্ক্যানার | উন্নতমানের | ১টি | | ৪,০০০.০০ |
| | iii | ইউপিএস (ভোল্টেজ স্টেবেলাইজার বিল্ট ইন | ১০০০ ভিএ | ২টি | ৫,০০০ | ১০,০০০.০০ |
| | iv | মডেম | 3G Modem | ২টি | ২,৫০০ | ৫,০০০.০০ |
| | v | পোর্টেবল হার্ডড্রাইভ | ০১ টেরাবাইট | ১টি | ৬,০০০ | ৬,০০০.০০ |
| | vi | পেনড্রাইভ | ১৬ গিগাবাইট | ২টি | ৮০০ | ১,৬০০.০০ |
| | vii | স্পিকার | ০২ পিস মাল্টিমিডিয়া স্পিকার | ১টি | ১,০০০ | ১,০০০.০০ |
| | viii | কম্পিউটার টুল বক্স | উন্নতমানের | ১টি | ৫০০ | ৫০০.০০ |
| ০৩. | Network Setup | | | | | |
| | i | লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন ব্যয় | | LS | | ৮,০০০.০০ |
| | ii | ওয়াই ফাই রাউটার | উন্নতমানের | ১টি | | ২,০০০.০০ |
| ০৪. | Video Conference | | | | | |
| | i | ওয়েব ক্যামেরা | উন্নতমানের | ১টি | ১,০০০ | ১,০০০.০০ |
| | ii | হেড ফোন | উন্নতমানের | ১টি | ১,০০০ | ১,০০০.০০ |
| ০৫. | Office Equipment | | | | | |
| | i | কম্পিউটার টেবিল | উন্নতমানের | ২টি | ৫,০০০ | ১০,০০০.০০ |
| | ii | রিভলভিং চেয়ার (ছোট) | উন্নতমানের | ৪টি | ২,০০০ | ৮,০০০.০০ |
| | iii | কালার প্রিন্টার | উন্নতমানের | ১টি | ১৫,০০০ | ১৫,০০০.০০ |
| | iv | ফাইল কেবিনেট | স্টিলের তৈরি | ১টি | ১০,০০০ | ১০,০০০.০০ |
| | v | ফ্লোর ম্যাট | উন্নতমানের | ১টি | ১,৫০০ | ১,৫০০.০০ |
| | | | | | মোট | ৩,০৯,৬০০.০০ |
| ০৬. | Optional Equipment | | | | | |
| | i | ফটোকপিয়ার | উন্নতমানের | ১টি | ৮০,০০০ | ৮০,০০০.০০ |
| | ii | মাল্টিমিডিয়া প্রজেক্টর (স্ক্রিনসহ) | উন্নতমানের | ১টি | ৪৫,০০০ | ৪৫,০০০.০০ |
| | iii | ডিজিটাল ক্যামেরা | ১৫ মেগা পিক্সেলের উপর | ১টি | ১৫,০০০ | ১৫,০০০.০০ |
| | | | | | মোট | ১,৪০,০০০.০০ |
| | | | | | সর্বমোট | ৪,৪৯,৬০০.০০ |